
রাধামন

ধনপুদি






কল্পতরু বই পিডিএফ প্রকল্প

কল্পতরু মূলত একটি বৌদ্ধধর্মীয় প্রকাশনা প্রতিষ্ঠান। ২০১৩ সালে "হৃদয়ের দরজা খুলে দিন" বইটি প্রকাশের মধ্য দিয়ে এর যাত্রা শুরু। কল্পতরু ইতিমধ্যে অনেক মূল্যবান ধর্মীয় বই প্রকাশ করেছে। ভবিষ্যতেও এ ধারা অব্যাহত থাকবে। কল্পতরু প্রতিষ্ঠার বছর খানেক পর "kalpataruboi.org" নামে একটি অবাণিজ্যিক ডাউনলোডিং ওয়েবসাইট চালু করে। এতে মূল ত্রিপিটকসহ অনেক মূল্যবান বৌদ্ধধর্মীয় বই pdf আকারে দেওয়া হয়েছে। সামনের দিনগুলোতে ক্রমান্বয়ে আরো অনেক ধর্মীয় বই pdf আকারে উক্ত ওয়েবসাইটে দেওয়া হবে। যেকেউ এখান থেকে একদম বিনামূল্যে অনেক মূল্যবান ধর্মীয় বই সহজেই ডাউনলোড করতে পারেন। আমাদের একমাত্র উদ্দেশ্য হচ্ছে, বর্তমান আধুনিক প্রযুক্তির যুগে লাখো মানুষের হাতের কাছে নানা ধরনের ধর্মীয় বই পৌঁছে দেওয়া এবং ধর্মজ্ঞান অর্জনে যতটা সম্ভব সহায়তা করা। এতে যদি বইপ্রেমী মানুষের কিছুটা হলেও সহায় ও উপকার হয় তবেই আমাদের সমস্ত শ্রম ও অর্থব্যয় সার্থক হবে।

আসুন ধর্মীয় বই পড়ুন, ধর্মজ্ঞান অর্জন করুন!
জ্ঞানের আলোয় জীবনকে আলোকিত করুন!

This book is scanned by Mangalsree Bhante

রাধামন-ধনপুদি



রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ
উপজাতীয় সাংস্কৃতিক ইনস্টিটিউট
রাঙ্গামাটি

সম্পাদক	সুগত চাকমা পরিচালক (ভারপ্রাপ্ত) উপজাতীয় সাংস্কৃতিক ইনস্টিটিউট রাঙ্গামাটি
সহযোগী সম্পাদক	চিরজ্যোতি চাকমা সাবেক সদস্য, স্থানীয় সরকার পরিষদ, খাগড়াছড়ি সুসময় চাকমা পরিচালক, উপজাতীয় সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি
সম্পাদনা সহকারী ও প্রচ্ছদ	সৌমিত্র চাকমা কম্পিউটার অপারেটর উপজাতীয় সাংস্কৃতিক ইনস্টিটিউট রাঙ্গামাটি
প্রকাশনায়	উপজাতীয় সাংস্কৃতিক ইনস্টিটিউট রাঙ্গামাটি
প্রকাশকাল	রাঙ্গামাটি, ২০০৪ইং
কম্পিউটার কম্পোজ ও মুদ্রণ তত্ত্বাবধানে	হিলি বাইটস্ নিউ কোর্ট রোড বনরূপা রাঙ্গামাটি পার্বত্য জেলা
মূল্য	১০০.০০ (একশত) টাকা মাত্র।

RADHAMON DHONPUDI: A Chakma ballad regarding a romantic couple Radhamon and Dhonpudi. Published by Tribal Cultural Institute, Rangamati. Price Tk. 100.00 (One hundred only)

শুভেচ্ছা বাণী

চাকমা লোক সাহিত্যের শ্রেষ্ঠ উপাদান হলো 'রাধামন-ধনপুদি' যা সাধারণ ভাবে লোকের কাছে 'রাধামন-ধনপুদি পালা' নামে অধিক পরিচিত। যুগ যুগ ধরে চাকমা চারণকবি 'গেংগুলি'গণ দেশ থেকে দেশান্তরে, গ্রাম থেকে গ্রামান্তরে এই জনপ্রিয় লোকগীতিটি গেয়ে শতসহস্র রজনীতে অজস্র শ্রোতাজনকে আনন্দ দান করেছে এবং আজও পাহাড়ের অন্দরে কন্দরে, গ্রাম থেকে গ্রামান্তরে আনন্দ দান করে চলেছে। এতে চাকমা কিংবদন্তীর সেরা বীর রাধমনের শৌর্য, বীর্য এবং তাঁর অনিন্দ্য সুন্দরী প্রেমিকা ধনপুদির প্রেমের অপূর্ব কাহিনী রয়েছে যা শুনে শ্রোতাসাধারণ আনন্দিত, উল্লসিত এবং মুগ্ধ হয়ে উল্লাসধ্বনি 'রেইং' দিয়ে তাদের আনন্দ প্রকাশ করে। জনশ্রুতি মতে, এই ব্যালাডটি সাত দিন সাত রাত ধরে এক নাগাড়ে গেয়েও গেংগুলিগণ এর সম্পূর্ণ কাহিনীগুলির বর্ণনা শেষ করতে পারে না। তাই এতদিন এই ব্যালাডটিও কারো পক্ষে পরিপূর্ণ ভাবে লিখিত অক্ষরে ধারণ করে প্রকাশ করা সম্ভব হয়নি। আর এভাবে অপ্রকাশিত থেকে এ অমূল্য সম্পদটি একদিন হয়তো লোকচক্ষুর অন্তরালে হারিয়ে যেত। সৌভাগ্যের বিষয়, রাঙ্গামাটিস্থ উপজাতীয় সাংস্কৃতিক ইনস্টিটিউট যথাসময়ে রাধামন-ধনপুদি ব্যালাডটি সংগ্রহ করে প্রকাশের উদ্যোগ নিয়েছে। আমি এই উদ্যোগকে সাধুবাদ জানাই এবং এর উত্তরোত্তর সাফল্য ও বহুল প্রচার কামনা করি।

(ড. মানিক লাল দেওয়ান)
চেয়ারম্যান
রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ
রাঙ্গামাটি।

ভূমিকা

বাংলাদেশের দক্ষিণ-পূর্বাঞ্চলে গিরি, নির্ঝরণী, হ্রদ এবং অরণ্যের মায়াবী লীলা নিকেতন বৃহত্তর পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে বসবাসকারী চাকমাদের শ্রেষ্ঠ লোকগীতি বা ব্যালাডটির নাম 'রাধামন-ধনপুদি'। এতে চাকমাদের কিংবদন্তীটির বীর রাধামন এবং তার অনিন্দ্যসুন্দর রূপসী প্রেমিকা ধনপুদির অনবদ্য প্রেমের কাহিনী রয়েছে। দিনের পর দিন, রাতের পর রাত, গ্রাম থেকে গ্রামান্তরে, যুগ থেকে যুগান্তরে চাকমা চারণকবি 'গেংগুলি'রা বেহালা বা বাঁশী বাজিয়ে 'উভগীত'-এর সুরে 'রাধামন-ধনপুদি পালা' গান গেয়ে অগণিত শ্রোতাদেরকে মুগ্ধ করে চলেছে।

প্রকৃতপক্ষে বিশ্ব সাহিত্যের লায়লী-মজনু, শিরীন-ফরহাদ, রোমিও-জুলিয়েট- এর মতই রাধামন-ধনপুদি জুটিও চাকমাদের মধ্যে জনপ্রিয়। বিশেষত এই ব্যালাডটি যুগ যুগ ধরে অজস্র প্রেমিক-প্রেমিকা এবং যুবক-যুবতীর হৃদয়কে মিলন-বিরহের আনন্দ-বেদনায় কত যে আপ্লুত করেছে তা ভাষায় বর্ণনা করে শেষ করা যাবে না।

এ সম্পর্কে সাধারণ লোকদের ধারণা, গেংগুলিরা সাত দিন সাত রাত এক নাগারে 'উভগীতের' সুরে গেয়েও এই পারাগানটি শেষ করতে পারে না। আসলেও হয়তো তাই, এতে যুগ যুগ ধরে দিনের পর দিন, রাতের পর রাত একের পর এক গেংগুলি তাদের মনের সৌন্দর্য ও মাধুরী মিশিয়ে রাধামন-ধনপুদি পারাগানের যে উৎকর্ষ সাধন করেছেন তা এক কথায় অতুলনীয়। তাই এটি চাকমাদের চিরায়ত লোক সাহিত্যে তার স্থান করে নিয়েছে। প্রকৃতপক্ষে এটিকে চাকমা লোক সাহিত্যের 'মাস্টার পীস্' বললেও অত্যুক্তি হবে না।

অতীতে চাকমা সমাজে অনেক নামকরা চারণকবি 'গেংগুলি' ছিলেন। সে সকল চারণকবিরা গ্রামদেশে সম্মানীর বিনিময়ে গীতের সুরে কোন পালাগান গেয়ে শ্রোতাদের মনোরঞ্জন করে থাকেন। তাঁরা চাকমাদের কাছে 'গেংগুলি' নামে পরিচিত। বিগত শতাব্দীর শুরুতে চাকমা সমাজের ১৫/২০ গেংগুলির মধ্যে শ্রেষ্ঠ গেংগুলি হিসেবে 'আক্কুয়াকানা'র নাম সতীশ চন্দ্র ঘোষ তাঁর লিখিত 'চাকমা জাতি' গ্রন্থে লিপিবদ্ধ করেছেন (১৯০৯ ঃ ৩৩৪)। চাকমাদের ফাকসা-গঝা দলভূক্ত বালকা-গোষ্ঠীতে জন্মগ্রহণকারী আক্কুয়াকানা চেঙ্গী তীরবর্তী তৈচাকমাবাসী ছিলেন। ৫৬ বা ৫৭ বৎসর বয়সী নামকরা গেংগুলি আক্কুয়াকানা তৎসময়ে অন্ধ ছিলেন। চাকমা সমাজে এখনও তার শিষ্য এবং প্রশিষ্য কেউ কেউ রয়েছেন। আক্কুয়াকানা

সমসাময়িক অবা তৎ কিঞ্চিতাধিক পূর্বেকার অপর একজন খ্যাতনামা গেংগুলি ছিলেন বাত্যা গেংগুলি। তাঁরও শিষ্য এবং প্রশিষ্য এখনও চাকমা সমাজে পাওয়া যায়। আরও যে সকল গেংগুলির গান শুনেছি এবং সাক্ষাৎ পেয়েছি তাদের মধ্যে বংশী গেংগুলি, কালীচরণ গেংগুলি, হীনেন্দ্র গেংগুলি, পূর্ণচন্দ্র গেংগুলি, লাক্সা গেংগুলি, নবীন চন্দ্র গেংগুলি, খুলারাম গেংগুলি প্রমুখের নাম উল্লেখযোগ্য। আমাদের এই রাধামন-ধনপুদি ব্যালাডটিরর বিভিন্ন পর্বের মধ্যে যোগসূত্র বা ধারাবাহিকতা স্থাপনের জন্য যে সকল কাহিনী (যেমন ঘিরাপারা, বিঝুদিন' কধা ইত্যাদি) এবং পদ যুক্ত করা হয়েছে। সেগুলির ব্যাপারে রাঙ্গামাটি শহরাঞ্চলের সীমানাবর্তী রাঙ্গাপানি গ্রামের বাসিন্দা মুক্তালাল চাকমা ওরফে লাক্সা গেংগুলি অনেক সহযোগিতা দান করেছিলেন। তিনি আজ লোকান্তরিত। আমরা অন্যান্য সকলের সাথে তাঁকেও কৃতজ্ঞ চিত্তে স্মরণ করছি।

আমরাও যতদূর জানতে পেরেছি ১৯০৯ সালেই পার্বত্য চট্টগ্রামের ডেপুটি কমিশনার R.H.S. Hutchinson প্রথম তাঁর লিখিত Chittagong Hill Tracts District Gazetteer- এ রাধামন-ধনপুদি ব্যালাডের 'ফুলপারা' অংশটির কাহিনী ইংরেজীতে প্রকাশ করেছিলেন। উল্লেখ্য যে, ঐ একই বছর সতীশ চন্দ্র ঘোষও তাঁর লিখিত চাকমা জাতি গ্রন্থে রাধামন-ধনপুদি উপাখ্যান সম্পর্কে কিছু কিছু আভাস দিয়েছিলেন। অতঃপর তৎপরবর্তী অর্ধ শতকেরও বেশী সময় ধরে কেউই আর এর লেখ্যরূপ ধারণ করে প্রকাশের কোন প্রচেষ্টা করছিলেন কিনা সে বিষয়ে আমাদের জানা নেই। বিগত শতকের ৬০' এর দশকে কার্ত্তিক চন্দ্র তঞ্চঙ্গ্যা তাঁর মামাতো ভাই কর্তৃক চাকমা বর্ণে সংগৃহীত রাধামন-ধনপুদি পালার 'ফুলপারা' অংশটি বাংলা বর্ণে বর্ণান্তকরণ করেন। চাকমা বর্ণমালার শিশুপাঠ্য বই 'চাকমা পথম শিক্ষা' বইয়ের লেখক নোয়ারাম চাকমা রাধামন-ধনপুদি পালার 'জুমকাবা' এবং অন্যান্য আরো কিছু অংশ (যেমন ঘিলা খারা ইত্যাদি) নিয়ে বাংলা বর্ণে লিখে একটি পাণ্ডুলিপি তৈরী করেন। সম্ভবতঃ ঐ দশকেই বরকল থেকে সাজেক (ইউনিয়ন পরিষদের) সাবেক চেয়ারম্যান জনাব মুকুণ্ড লাল চাকমা চাকমাবর্ণে রাধামন-ধনপুদি পালার চুণ্ডুলাং ও অন্যান্য কিছু অংশের উপর চাকমা বর্ণে লিখিত একটি পাণ্ডুলিপি প্রস্তুত করেন। তবে এটির কথার শৈলী থেকে মনে হয়, তিনি হয়তো এটি কোন তঞ্চঙ্গ্যা গেংগুলি থেকে উক্ত অংশটি সংগ্রহ করেছিলেন। ৮০' এর দশকে তৈইমেদুংবাসী গেংগুলি নবীন চন্দ্র চাকমাও বাংলা বর্ণে চাকমা ভাষায় রাদামন-ধনপুদি ব্যালাডের ফুলপারা অংশটি লিপিবদ্ধ করেন। আমাদের এই গ্রন্থটিতে 'লুই ছাগা' অংশটি তাঁরই ঐ রচনা থেকে সংযুক্ত করা হয়েছে। এজন্য তাঁকেও ধন্যবাদ জানাই। সেই সাথে আমাদের সংকলিত রাধামন-ধনপুদি গ্রন্থটিতে আর যাঁদের যাঁদের সংগ্রহ, রচনা এবং কোন না কোন সহযোগিতা রয়েছে তাদের সকলকে ধন্যবাদ জানাচ্ছি।

চাকমা জাতির ইতিবৃত্ত গ্রন্থের লেখক স্বর্গীয় বিরাজ মোহন দেওয়ান, বাবু নোয়ারাম চাকমা কর্তৃক এ বিষয়ে সংগৃহীত তথ্যাদির সাথে আরো কিছু লাইন যুক্ত করে 'চাঁদি গাং ছাড়া' নামে একটি পাণ্ডুলিপি প্রস্তুত করিয়েছিলেন। সেটির কোন কোন অংশ তাঁর লিখিত গ্রন্থটিতেও প্রকাশিত হয়েছিল। উল্লেখিত হস্তলিখিত পাণ্ডুলিপিটি আমাদের হস্তগত হয়েছে এবং আমাদের সম্পাদিত গ্রন্থটির শেষাংশে সেখান থেকেও কিছু কিছু তথ্য সংযোজিত করা হয়েছে। এ জন্য উক্ত পাণ্ডুলিপি সংগ্রাহকদের প্রতিও আমরা সবিশেষ কৃতজ্ঞ। এখানে উল্লেখ্য যে ১৯৭২ সালে রাঙ্গামাটিতে জুমিয়া ভাষা প্রচার দপ্তর (জুবাপ্রদ) প্রতিষ্ঠিত হওয়ার পর তার কর্মীরা রাধামন-ধনপুদি ব্যালাডের ক্ষুদ্রাকৃতির দু'টি খণ্ড সংগ্রহ ও প্রস্তুত করেছিল। রাধামন-ধনপুদির (১ম খণ্ড)- এর সম্পাদনা করেন সুগত চাকমা এবং সুসময় চাকমা। সেটি ১৯৮০ সালে মুরল্যা লিটারেচার গ্রুপ কর্তৃক প্রকাশিত হয়েছিল। অতঃপর ১৯৮২ সালে চিরজ্যোতি চাকমার সম্পাদনায় প্রকাশিত হয় রাধামন-ধনপুদি (২য় খণ্ড)। এটি প্রকাশ করে তৎকালিন রাঙ্গামাটি ঈসথেটিক্স কাউন্সিল। আমরা সকলের প্রতিই আমদের কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করছি।

উপরোক্ত উদ্যোগগুলির পর এ পর্যন্ত দুই শতকেরও বেশী সময় পার হয়ে গেছে। এ বিষয়ে ইতোমধ্যে আরা কোন অগ্রগতি হয়েছে বলে আমাদের জানা নেই।

এমতাবস্থায়, রাধামন-ধনপুদি ব্যালাডের জনপ্রিয়তা, গুরুত্ব এবং পাঠক ও শ্রোতাদের আগ্রহের প্রতি লক্ষ্য রেখে রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের মাননীয় চেয়ারম্যান ড. মানিক লাল দেওয়ানের সদয় অনুমোদনক্রমে রাঙ্গামাটি উপজাতীয় সাংস্কৃতিক ইনস্টিটিউট থেকে আমরা উক্ত জনপ্রিয় ব্যালাডটি সংগ্রহ ও প্রকাশের উদ্যোগ গ্রহণ করি। এ বিষয়ে তাঁর শুভেচ্ছা বাণী সদয় অনুমতি প্রদানের জন্য রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের মাননীয় চেয়ারম্যান ড. মানিক লাল দেওয়ান মহোদয়কে আমাদের বিনীত কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করছি। সেই সাথে আমাদের এই কাজে যাঁরা যাঁরা কোন না কোন সাহায্য ও সহযোগিতা দান করেছেন তাঁদের সকলের প্রতিই আমাদের কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করছি। সর্বশেষে আমরা এই আশা করি যে, আমাদের সম্পাদিত ও সংকলিত রাধামন-ধনপুদি ব্যালাডটি পাঠক সাধারণের কাছে সমাদর লাভ করবে এবং তাই যদি হয়, তবে আমাদের এই উদ্যোগ সফল ও স্বার্থক হবে।

সুগত চাকমা
চিরজ্যোতি চাকমা
সুসময় চাকমা

সূচিপত্র

রাধামন ধনপুদি কাহিনী

সুগত চাকমা

অতীতে চাকমাদের আদি নিবাস ছিল চম্পকনগর। সেই চম্পকনগর রাজ্যের প্রত্যন্ত অঞ্চলের একটি পাহাড়ী গ্রামের নাম চিল ধনপাদা। গ্রামটি ছিল ধনে জনে পরিপূর্ণ এবং ঐ গ্রামে ছয় কুড়ি মানে একশ বিশটি পাহাড়ী পরিবার বাস করতো। ঐ সময় সব চাকমারা মাচাং ঘরের উপর বাস করতো। ধনপাদা গ্রামের সব বাড়ীই ছিল মাচাংঘর বিশিষ্ট। চামকারা যে সকল গ্রামে গ্রামে আমন্ত্রিত হয়ে বেহালা বা বাঁশী বাজিয়ে নানা ধরনের পালাগান গায় তাদেরকে 'গেংগুলি' বা 'গেংখুলি' বলে। গেংগুলিদের গানে ছয় কুড়ি গৃহস্থের গ্রামকে সমৃদ্ধশালী গ্রাম অর্থে 'ভরন্দি আদাম' বলা হয়।

ঐ ধনপাদা গ্রামে মেনকা এবং কপুদি নামে দুই বোন বাস করতো। দু'বোনেরই অবস্থাপন্ন পরিবারে বিয়ে হয়েচিল। মেনকার স্বামীর নাম চিল জয়মঙ্গল এবং কপুদির স্বামীর নাম ছিল নিলগিরি। জয়মঙ্গল কেবল অবস্থাপন্ন ব্যক্তিই ছিল না, গ্রামে তাদের পরিবারের প্রভাব প্রতিপত্তিও ছিল। মেনকার ছেলে রাধামন এবং কপুদির মেয়ে ধনপুদি। বয়োজ্যেষ্ঠতার দিক থেকে রাধামন ধনপুদির চেয়ে এক বছরের বড় ছিল, তারা যখন ছোট ছিল তখন অনেক সময় তাদের নানা-নানীরা তাদেরকে একত্রে একই দোলনায় রেখে দোলাতো এবং ঘুম পাড়ানি গান 'অলিদাগনি'- গীত গেয়ে ঘুম পাড়াতো।

এভাবে দোলনায় দুলতে দুলতে শিশু দু'টি বেড়ে ওঠতে লাগলো। তারপর তারা একদিন্ দোলনা ছেড়ে মাটিতে নেমে খেলা করতে লাগলো। নানা ধরনরে খেলা- ঘিলা খেলা, নাধেং খেলা আরো কত কি ! কখনও বা তারা মুখে একফালি বাঁশের টুকরা নিয়ে 'খেংগরং' কিংবা এক টুকরো বাঁশ থেকে তৈরি 'ধুদুক' বাজাতে শিখলো। এভাবে তারা হেসে খেলে বড় হতে লাগলো। বয়স একটু বাড়তেই সঙ্গীসাথীও জুটলো অনেক। তবে তারা সাত জোড় সঙ্গীসাথীই অধিক ঘনিষ্ট হয়ে বন্ধুত্ব জুড়লো। এ সাতটি জোড় হলো- রাধামন-ধনপুদি, নিলংধন-নিলংবি, কঞ্জধন-কুঞ্জবি, কামেচধন-কামেচ্বি, ফুজুকধন-ফুজুক্বি, মেইয়াধন-মেয়াবি এবং ছেইয়াধন-ছেইয়াবি। এ সাত জোড় সঙ্গীসাথী সবাই গ্রামের মুরুব্বী চলাবাপকে 'আজু' ডাকতো। চাকমা ভাষায় 'আজু' শব্দের অর্থ হলো দাদু বা নানা। চলাবাপ কৌতুকপ্রিয় ব্যক্তি ছিলেন। তিনি নাতি-নাতনী বয়সী গ্রামের সব ছেলেমেয়েদের সাথে ঠাট্টা তামাশা করতেন। আবার কখনও কখনও

তাদের সবাইকে নিয়ে দূরের পাহাড়, নদী ও অরণ্যে নানা ধরনের এডভেঞ্চারমূলক ও আনন্দদায়ক ভ্রমণে বেড়িয়ে পড়তেন। জুমবেরা (জুম করার জন্য কৈশোরদের কাছে চলাবাপের প্রস্তাব এমনি একদিন চলাবাপ তার নাতি-নাতনীদের সাথে একটি জোছনা রাতে বসলেন। এ কথা সে কথা নানা কথার পর চলাবাপ উঠতি কিশোরদেরকে দূর পাহাড়ে গিয়ে ঝোপঝাড় কেটে জুম চাষ করার প্রস্তাব দিলেন। পাহাড়ের ঢালু অংশে ঝোপঝাড় কেটে, এরপর সেগুলি রোদে শূকিয়ে, আগুনে পুড়িয়ে যে চাষ করা হয় তাকে জুম-চাষ এবং যেখানে জুমচাষ করা হয় তাকে 'জুম' বলে। আর জুম চাষ করার সময় ঝোপঝাড় কাটাকে 'জুম-কাবা' বলে। সেদিন চলাবাপের 'জুম-কাবা'র প্রস্তাবকে উঠতি কিশোররা সানন্দে উৎফুল্ল চিত্তে গ্রহণ করলো। তাদের সে উৎসাহ কিশোরীরাও সায় দিল। তারাও তাদের সাথে জুমে স্থান নির্বাচিত করার ব্যাপারে দূর পাহাড়ে বেড়াতে যাওয়ার জন্য রাজী হলো। সেদিন রাতে চলাবাপ এবং সাত জোড় সঙ্গীসাথী এরপর 'জুম-বেরা' দিন ঠিক করলো মানে জুমের জন্য পাহাড়ে যাওয়ার দিন ধার্য করলো।

তারপর একদিন সোমবারে তারা তাদের গ্রাম ধনপাদা থেকে পশ্চিম দিকে রওনা হলো। কিশোরেরা চলাবাপের নেতৃত্বে হাসি-আনন্দে ফুগংতলী দ্যমুরা পর্বতে পৌছলো। তারা পাহাড় বেয়ে উপরে ওঠে পাহাড়ের পার্শ্বদেশ গুলিতে বেড়াতে শুরু করলো; উদ্দেশ্য যার যার জুমের জন্য স্থান নির্বাচন করা। জুমের স্থান নির্বাচনের কাজ শেষ হলে তারা ইষ্টদেবতা স্মরণ করে 'তাগল' নামক এক প্রকার দা দিয়ে যার যার জুমের ঝোপঝাড় কাটা শুরু করলো। এভাবে তারা সারা দিন জুম-এর জন্য ঝোপঝাড় কেটে বিকালে যার যার বাড়িতে ফিরলো। সেদিন সারাদিন জুমের জন্য কাজ করার পর রাধামন খুব ক্লান্ত হয়ে পড়ছিল। তাই সে তাড়াতাড়ি ঘুমিয়ে পড়েছিল। আর ঘুমিয়ে পড়তে না পড়তেই স্বপ্ন দেখতে লাগলো।

সে স্বপ্নে এক বুড়িকে দেখলো। ঐ বুড়ি দু'হাতে 'রেগোচ' ফুল নিয়ে পাহাড়ে এবংপার্শ্বদেশস্থ জুমে ঘুরে বেড়ালো। ঘুম ভাঙার পর সে তার স্বপ্নের মানে জানার জন্য নানা চলাবাপের কছে গেল। চলাবাপ তার স্বপ্নের কথা শুনে সে বছর জুম চাষ খুব ভালো হবে বললো।

রাধামনের কাছে ধনপুদির বায়না ঃ সেদিন সকালে ধনুপদি রাধামনের কাছে গিয়ে তাঁর জন্য বন থেকে কোমর তাঁতের সরঞ্জামাদি হিসেবে ব্যবহার যোগ্য বাঁশ নির্মিত যন্ত্রপাতি 'সুচ্চেক', 'তাগলক', 'ব-কাদি' ইত্যাদি এনে দেওয়ার জন্য আবদার শুরু করলো। সেগুলির সাথে সে তার জন্য আরো বাঁশের ফালি থেকে প্রস্তুতকৃত 'খেংগরং' নামক এক প্রকার বাদ্য, চিরুণী তৈরির জন্য শালাকা এনে

দিতে বললো। রাধামন ধনপুদির মিনতিতে টিক্‌তে না পেরে শেষ পর্যন্ত ঐ সব তাকে এনে দেবে বলে কথা দিল।

রাধামনের জন্য ধনপুদির ভাত রান্না ঃ পরদিন খুব ভোরে ঘুম থেকে জেগে ধনপুদি রাধামনের জন্য ভাত রাঁধতে বসলো। তার ইচ্ছা রাধামন বেশ কয়েক দিনের জন্য তার নতুন জুমে কাজ করতে যাচ্ছে, তাই তাকে যত্ন করে দু'টি ভাত তরকারি রেঁধে খাওয়ানো। এদিকে সেদিন রাধামনও খুব ভোরে ঘুম থেকে জেগেছিল। তাকে নতুন জুমে কাজ করতে যেতে হবে তাই সে সকাল সখাল ঘুম থেকে উঠেছিল। নতুন জুমে গিয়ে কাজ করতে ও মোনঘরে কয়েকদিন থাকলে ভারী আনন্দফূর্তি করা যাবে ভেবে মনে মনে সে উৎফুল্ল হয়ে উঠেছিল। আর তাই মাচাংঘরের সম্মুখস্থ খোলা মাচাঙে বসে সে বাঁশী বাজাতে শুরু করলো। এদিকে উঠতি কিশোরী ধনপুদিও তার বাঁশী মধুর সুর শুনে শুনে ভাত-তরকারি রাঁধছিল। আর রান্নার ফাঁকে ফাঁকে একটা সুপারি কাটাতে গিয়ে হঠাৎ তার দাটি পিছলে গেল। এতে তার একটি আঙ্গুলে ঘা হয়ে সেটি রক্ত পড়তে লাগলো। তখন ব্যথায় ধনপুদি কাঁদতে লাগলো। সেই সাথে তার মা কপুদিও ফোকলা মুখে তাকে বকুনি শুরু করলো। এতে তার কান্না আরও বেড়ে গেল। সেকান্নার শব্দ শুনে রাধামন তাদের মাচাংঘরের খোলা মাচান থেকে লাক মেরে দ্রুত ধনপুদির বাসায় চলে এল। সে ধনপুদির সে আঙ্গুলে ঘা হয়েছে তাতে যত্ন করে কাপড় বেঁধে দিল। এতে ধনপুদির কান্না থেমে গেল। সে রাধামনকে যত্ন করে তার রান্না করা ভাত-তরকারি খাওয়াল। আর আরো একবার জুমের কাজের অবসরে তার জন্য বন থেকে গাছ-বাঁশের তৈরি নানা জিনিস এনে দেওয়ার কথা মনে করিয়ে দিল। ততক্ষণে রাধামনের অন্য সঙ্গীসাথীরা সেখানে এসে গেছে। তাই হৈ চৈ করতে আনন্দ-উল্লাসে কিশোরেরা গ্রাম ছেড়ে জুম করার জন্য ফুগংতলী- দ্যমুরা পর্বতে রওনা হলো।

জুম কাবা

ফুগংতলী-দ্য মুরাহ্ পর্বতে চারিদিকে পাহাড় আর পাহাড়। রাধামন আর তার সঙ্গীরা ফুগংতলী- দ্য মুরাহ্ পর্বতে উঠে যার যার জুমের জন্য নির্বাচিত পাহাড়ে গিয়ে বনজঙ্গল আর ঝোপঝাড় কাটতে লাগলো। এভাবে প্রতি জনের যখন 'চার-আড়ি' (এক মনের কিঞ্চিতাধিক পরিমাণ) বীজ ধান রোপন করার মত জায়গা তৈরি হলো তখন তারা বনজঙ্গল কাটার কাজে ক্ষান্ত দিল। এবার সেগুলি রোদে শুকানোর জন্য তাদের অপেক্ষা করতে হবে। তখন দুপুর গড়িয়ে বিকাল। তারা জুমে নির্মিত একজাতীয় মাচাংঘর 'মোনঘর' রাত্রি যাপনের জন্য ব্যবস্থা করলো। এরপর সেখানে থেকে পরবর্তী দিনগুলিতে তারা কাজ করতে লাগলো। এক সময় তারা যে সব বনজঙ্গল আর ঝোপঝাড় কেটেছিল ঐগুলি রোদে শুকালো। তারা

সেগুলি আগুনে পুগানোর পর যার যার পাহাড়ী জায়গায় চুঁচালো দা 'চুচ্যাং তাগল' দিয়ে ছোট ছোট গর্ত খুঁড়ে ধানের বীজ বপন করলো। এ সব কাজ করতে করতে তাদের কয়েক দিন কেটে গেল। তাদের কাজের ফাঁকে ফাঁকে তার সুন্দর সুন্দর বাঁশ কেটে সেগুলির টুকরো দিয়ে বিভিন্ন ধরণের বাদ্যযন্ত্র - ধুদুক, খেংগরং ইত্যাদি তৈরি করলো। গাছ কেটে সেগুলির টুকরো থেকে এক ধরনের লাটিম নাধেং, ঢোল ইত্যাদি তৈরি করলো; বমের ঘিলালতা থেকে ঘিলা/গিলা পারলো। কাজের অবসরে তারা মোনঘরের সামনে কখনও ঘিলাখেলা খেলে, কখনও নাধেং খেলা খেলে, কখনও ধুদুক বা খেংগরং বাজিয়ে কখনও বা 'শিঙা'. কিংবা বাঁশী বাজিয়ে আনন্দে দিন কাটাতে লাগলো। বনে কত অজানা ফুলফর, পশুপাখি আর ছোট ছোট নদীগুলিতে কত মাছ-কাঁকড়া, চিংড়ি, শামুক-ঝিনুক, তীরে তীরে কত রকমের বন্য শাক। তারা মাঝে মাঝে এ সব থেকে খাবার সংগ্রহ করে রাঁধলো, খেল এবং খুব ফূর্তি করলো। আর তাদের সাথে সবার 'আজু' (নানা), রসের রাজা চলাবাপতো আছেনই। তিনি তাদেরকে কোন কাজের পর কোন কাজ করতে হবে শিখিয়ে দিচ্ছিলেন। তারা অবসরে তার কাছ থেকে নানা ধরণের গল্প, কাহিনী শুনেও খুব মজা পেল। আর সবাই মিলে নানা চলাবাপের জুমের সব কাজও আগে আগে করে দিল। এতে কাজ শেষ হওয়ায় চলাবাপ তাদের একদিন আগে বাড়ী চলে গেলেন। তারা তাঁর সঙ্গে গেল না, কাজের অজুহাত দেখিয়ে একদিন বেশী থেকে গেল। আসলে প্রেয়সীদের জন্য দূরের বন থেকে কিছু জিনিস সয়গ্রহ করবে, এ জন্যই তারা থেকে গেল। পরদিন তারা আরো দূর বনে গেল। সেখান থেকে তারা মেয়েদের জন্য সুন্দর চিরুনী তৈরির উপযোগী বাঁশের সুচারু শলাকা ছাঁচলো, মিহি বেত দিয়ে তৈরি করলো ছোট ছোট অলংকার রাখার বাক্স 'নিল-সাম্মুয়া', মেয়েলী ওষ্ঠে ধরে বাজানোর উপযোগী হালকা বাঁশের ফালি দিয়ে তৈরি 'খংগরং' তোমরতাঁতে ব্যবহারযোগ্য সরঞ্জামাদি– তাগলক, ব-কাধি, সুচ্চেক-বাচ, ব্যং ইত্যাদি।

ফুগংতলী– দ্য মুরায় যাওয়ার ব্যাপারে কিশোরীদের নদী তীরে কূয়া ঘাটে শলাপরামর্শ

এদিকে নানা চলাবাপের কাছে কিশোরদের সহসা বাড়ী ফিরার সম্ভাবনার খবর শুনে কিশোরীদের মধ্যে উত্তেজনার সৃষ্টি হলো। তারা পানি আনতে নদী তীরে কুয়ার কাছে গিয়ে সেখানে একত্রিত হয়ে এ বিষয়ে আলাপ করতে লাগলো। তাদের ধারণা কিশোরেরা জুমে গিয়ে নিশ্চয় খুবই মজা লুটছে। তারা সবাই মিলে পরদিন নদী তীরে তীরে এবং বনে বনে শাক সবজী খুঁজতে যাওয়ার পরিকল্পনা করলো। তাদের আসল উদ্দেশ্য হলো– শাকসবজি খুঁজতে যাবার নাম করে তারা বাড়ী থেকে নেমে গ্রাম ছেড়ে ফুগংতলী– দ্য মুরায় গিয়ে কিশোরেরা কি করছে তা

দেখবে। ঐ সময় তারা যখন এ সব আলাপ করছিল তখন রসের রাজা তাদের নানা চলাবাপ নদীর জলে গলা পর্যন্ত ডুবিয়ে রেখে তাদের কথাগুলি শুনছিলেন। চলাবাপ মনে মনে বুদ্ধি করলেন– তিনি পরদিন খুব ভোরে ওঠে তাদের আগে আগে গিয়ে মাঝপথে মেয়েদের জন্য অপেক্ষা করবেন। কিশোরীরা তাদের আলাপ শেষে যার যার বাড়ী চলে যাওয়ার পর চলাবাাপও নদী থেকে ওঠে চুপি চুপি বাড়ী চলে গেলেন।

পরদিন ভোর হতে ধনপুদি তার মাকে বল্‌ল– মা, বন আর নদী তীর থেকে শাক সবজি খুঁজতে যাওয়ার সঙ্গী পেয়েছি। কাল তাদের সাথে শাক সবজি খুঁজতে যাবো ? তখন তার মা কপুদিতাকে সঙ্গীদের সাথে যাওয়ার অনুমতি দিলেন। কিশোরীরা যার যার খাবার পানি জোগার করে থধনপুদিদের বাসায় একত্রিত হলো। তারপর তারা সেখান থেকে রওনা হলো। তারা গ্রাম ছেড়ে প্রথমে নদী তীরে পৌছালো। তারপর নদী তীর ধরে শাকসবজি সংগ্রহ করে করে এগিয়ে চলতে লাগলো। যেতে যেতে দু'টি ছোট নদীর এক স্থলে পৌছালো তখন দেখে সেখানে এক মৃত দেহের মত কি যেন পড়ে আছে ? কিশোরীরা ভয়ে চেঁচামেচি করতে শুরু করলো। কিন্তু কাছে গিয়ে যখন দেখলো– এতা নানা চলাবাপের মত দেখাচ্ছে ? তারা তাঁর নাকে হাত দিয়ে দেখে নিঃশ্বাস ফেলার কোন লক্ষণ নেই। আসলে সেদিন চলাবাপ কিশোরীদের রওনা হওয়ার আগে বাড়ী থেকে রওনা হয়ে এখানে পৌছেছিলেন আর নাতনীদের ভয় দেখানোর জন্য মরা সেজে এখানে পড়ে রয়েছিলেন। নাতনীরা তাঁকে চিনতে পেরে চোখ দিয়ে পরস্পরকে ইশারা করলো তারপর চারজন ছুট করে তার হাত-পা ধরে হাসতে হাসতে কিছুক্ষণ চ্যাং দোলা দিয়ে তাঁকে নদীর জলে ছুড়ে ফেলে দিল। তার পূবেই চলাবাপের মজা বাতাসে উবে গিয়েছিল। তিনি সভায় চেঁচাতে চেঁচাতে নদীর জলে ছিটকে পড়লেন। তখন নদীর তীর থেকে কিশোরীদের কী হাসি ! এভাবে কোমরে ব্যথা পেয়ে জব্দে হওয়ার পর চলাবাপের পক্ষে আর জুম পাহাড়ে সম্ভব হলো না। তিনি সেখান থেকে নিজের বাড়ীতে ফিরে গেলেন।

এবার মেয়েরা সেখান থেকে পাহাড়ী পথ ধরে বন পথে ফুগংতলী– দ্য মুরাহ্ পর্বতের দিকে রওনা হলো। অনেক ক্ষন পাহাড়ী পথে হেঁটে পাহাড় ওঠার পর মেয়েরা শেষ পর্যন্ত চেলেদের জুমগুলির নিকটে মোনঘরে পৌছলো আর পৌছেই উল্লাসে 'এ হো হো' করে চীৎকার ধ্বনি 'রেইং' দিতে লাগলো। তাদের করহাস্যে নীরব মোনঘর সরব হয়ে উঠলো। সেদিনও ছেলেরদল তাদের জন্য নানা জিনিস সংগ্রহের উদ্দেশ্যে দূর পাহাড়ের বনে গিয়েছিল। আর ফেরার পথে জ্যু নতুন জুমে কাজ করছিল। এই সুযোগে মেয়েরা মোনঘরে ওঠে ইচ্ছামত ছেলেদের বিছানাপত্তর, মালপত্তর, বাদ্যপন্ত্র, হাতের কাছে যা পের সব লণ্ডভণ্ড করতে লাগলো। ধনপুদি উৎসাগের সাথে একটি কাঠি দিয়ে বাঁশের এক টুকরো দিয়ে

তৈরি 'ধুদুক' নামক বাদ্যযন্ত্রে বাড়ি মেরে মেরে বাজাতে লাগলো–ক্র তুক্ তুক্। তার সাথে সাথে অন্যান্য মেয়েরা যে যা পেল ধুদুক, খেংগরং, শিঙা এসব বাজাতে লাগলো। তখন মোনঘরে বেশ কিছু খেংগরং ঐক্যতানে যেন বেজে ওঠলো– ওয়াং ওয়াং মোনঘরত বাহ্ যাং ॥ সেদিন ছেলেরা দূর থেকে যখন ধুদুক, খেংগরং, বাঁশী, শিঙার শব্দ শুনছিল তাদের খুব ভাল লাগছিল কিন্তু তারা তখনও জানেনা কারা এ সব বাজাচ্ছে ? ক্রমে দুপুর গুড়য়ে বিকাল হলো। মেয়েরা এবার বাড়ী ফিরা শুরু করলো। তাদের ফিরার শুরুতে তারা ছেলেদের মাচাং ঘরের উঠার সিঁড়িটি উল্টিয়ে রেখে দিয়ে খুব মজা করলো। তারপর তারা পাহাড় বেয়ে নামতে শুরু করলো। সেদিন তারা খুব বেশী বনজ শাকসবগি জোগার করতে পারেনি। এক পাহাড়ের নীচে ধনপুদি পিঠা তৈরিতে ব্যবহারযোগ্য কিছু বন্য কলাগাছে কলার মোচা (থোড়) দেখতে পেল। সে সেগুলি দেখিয়ে দিতে অন্য মেয়েরাও বন্য কলাগাছ থেকে মোচ পাড়তে গেল।

যে সময়ে ঘটনা এটি সে সময় ধনপুদির বয়স বার বছর ছিল। তখন মেয়েরা ঐ বয়সে বুকে কাপড় জড়ালেও ঐ বয়সে আনুষ্ঠানিক ভাবে বক্ষবন্ধনী রাঙা 'খাদি' বাঁধতো। এখন সেদিন হয়েচে কি ধনপুদি তাড়াহুড়ো করে একটা বন্য কলার মোচা পাড়ার সময় কোত্থেকে এক বেরসিক বোলতা উড়ে এসে তার বাম স্ত নে দিল হুল ফুটিয়ে। তখন বেচারী যন্ত্রনায় চীৎকার করতে করতে পাহাড়ের নিচে নেমে এল। তার সঙ্গীরাও তার চীৎকার শুনতে পেয়ে তার খোজে নিচে এসে জড়ো হলো। ততক্ষণে 'রামবোলতা'র বিষাক্ত হুলের যন্ত্রণা বাড়তে শুরু করেছে। মেয়েরা কি করবে বুঝতে পারছিল না। তার তাড়াতাড়ি বাড়ি ফিরে গেল। সেদিন সন্ধ্যায় কপুদি তার মেয়ের এই দুর্গতি দেখে সে যে সব লতাপাতা ওষুধ হিসেবে জানে সেগুলি দিয়ে ওষুধ তৈরি করতে লাগলো আর মেয়েকে বকুনি দিতে লাগলো।

কিশোরদের জুম থেকে বাড়ী প্রত্যাবর্তন

সেদিন কিশোরেরা সন্ধ্যায় বাড়ী ফিরবে বলে সূর্যাস্ত পর্যন্ত জুমে সাধ্যমত কাজ করলো। এরপর তারা মোনঘরে গিয়ে একেবারে অবাক ? কারা যেন তাদের বিছানা, জিনিসপত্র সব লণ্ডভণ্ড করে দিয়ে গেছে ? বিছানায় আর কাপড়গুলিতে কারা যেন খিলিপানের লাল রঙ লাগিয়ে দিয়েচে ? তারা বুঝতে পারবো এ সব তাদের মেয়েদের কাজ। তারা নিশ্চয় তাদের অনুপস্থিতিতে এখানে এসে এ সব করে গেছে ? তারা ভাবলো আগে গ্রামে যাই, তারপর তাদের মজা বের করবো, তাদেরকে বাগে পেলে তাদের লম্বা চুলগুলি টেনে দেব, নয়তো তারা যখন নদী তীরের কূয়া থেকে কলসী ভরে জল নিয়ে বাড়ীতে ফিরতে থাকবে তখন তাদের জল ভরাকলসীগুলি ধরে উল্টিয়ে সব পানি ফেলে দেব। এত তাদেরকে আচ্ছা সাজা দেওয়া হবে।

ছেলের দল যার যার মালপত্র ঝুড়িতে নিয়ে বাড়ী ফিরলো। তখন গ্রামে সন্ধ্যা পেরিয়ে রাতের অন্ধকার নেমেচে। রাধামন ধনপুদির খবর শুনে ব্যাকুল হয়ে ওঠলো। সে তাদের বাড়ীতে খবরাখবর নিতে গের। তখনও বক বক করে তার মাসী কপুদি তার কন্যা ধনপুদির দেহে ঔষধ লাগিয়ে চলেছে। কিন্তু এতেও ধনপুদির ব্যথা কমছে না। রাধামন নানা চলাবাপের কাছে পূর্বে বিষঝাড়া মন্ত্র শিখেছিল। সে ধনপুদির জন্য ঐ বিষঝাড়া মন্ত্র উচ্চারণ করতেই ধনপুদির ব্যথা বেদনা কমে গেল। সে আরাম বোধ করতে লাগলো। এরপর ধনপুদি সুস্থ হতেই রাধামন বাড়ী চলে গেল।

বার্গি ধরা

একদিন রাধামন এবং ধনপুদি বাল্য বয়সে জুমে বেড়াতে গিয়ে মোনঘরে বসে বিরাট আকৃতি বিশিষ্ট এক ঝাক উড়ন্ত পাখি দেখেছিল। ধনপুদি ইতি পূর্বে এ জাতীয় পাখি দেখে নি। সে এ বিষয়ে রাধামনকে জিজ্ঞেস করে জানতে পারলো এ গুলি বার্গি পাখি। এ সুদ্দূরের কোন অজ্ঞাত ভূমি, দেশ, হয়তো বা মথুরার দিক থেকে উড়ে এসে থাকতে পারে। রাধামনের কাছে বার্গি সর্ম্পকে নানা কথা শুনে ধনপুদির বার্গিছানা ধরার খুব আগ্রহ হলো। তখন ছিল আশ্বিন মাস। রাধামন বললো যে এ আশ্বিন মাসে বার্গি ঝাক সুদ্দূরে কোথাও ফিরে যাচ্ছে, দেশান্তরিত হচ্ছে। সে বললো এ উড়ন্ত বার্গি পাখি আমি কেমন করে ধরবো ? এ গুলির গায়ে পালক গজিয়ে কবে বড় হয়েছে, এখন উড়ছে। এগুলির ধরা সম্ভব নয়। তার এ কথা শুনে ধনপুদির অভিমান হলো। তখন তার অভিমান ভাঙানোর জন্য রাধামন তাকে আশ্বাস দিয়ে বললো,– আরো কিছু দিন চলে গিয়ে বছর ঘুরে যখন আবার কার্ত্তিক-অগ্রহায়স মাস আসবে তখন বার্গি পাখিগুলি আবার এ দেশে ফিরবে। নানা চলাবাপের কাছে এদের সম্পর্কে নানা কথা শুনেছি। এগুলি ফাগুনে বাসা বাঁধে, চৈত্রে ডিম পাড়ে আর বৈশাখে ছা উড়ায়। সে এভাবে নানা আশ্বাস দিয়ে রাধামন ধনপুদিকে নিয়ে বাড়ী ফিরেছিল। তবে ধনপুদি তার সে সব কথায় বার্গির কথা ভুলে নি। সে বার্গি ছানা পাওয়ার আসায় সে দিন থেকে দি গুনদে থাকে।

দেখতে দেখতে বছর ঘুরে আবারো কার্ত্তিক মাস এলো। সে বছর কার্ত্তিক মাসের পনের তারিখ পার হওয়ার পর আবার ফুগংতলী– দ্য মুরাহ্, ধনপাদা এ সব পাহাড়-পর্বত ও গ্রামের উপর দিয়ে আকাশে বার্গি ঝাক দেখা দিল। এবার ধনপুদি রাধামনকে বার্গিছানা ধরে দেওয়ার জন্য আবদার শুরু করলো। রাধামন ধনপুদিকে বার্গিছানা ধরে দেওয়ার জন্য পূর্বে প্রদত্ত কথা রাখার জন্য তৈরি হলো। কথা হলো তারা দুজনই কেবল একদিন চুপি চুপি গ্রাম ছেড়ে দূরে যাবে আর বার্গিছানা ধরবে।

একদিন তারা কাউকে না জানিয়ে বার্গি ধরার জন্য দুরে একটা নদীর দিকে রওনা হলো। সময়টা ছিল শীতকাল। আর খুব ভোরে তারা গিয়েছিল তখন চারিদিকে আকাশ থেকে কুয়াশা ঝরছিল। ফলে বার বার তাদের পথ ছারিয়া যাচ্ছিল। শেষে অনেক কষ্টে তারা একটা নদীর তীরে পৌঁছে বার্গি পাখির দেখা পেলো। কিন্তু তারা কাছে যেতেই পাখিগুলি দুরে উড়ে যেতে শুরু করলো। ক্রমে রোদ বাড়তে থাকলো। দু'টি বালক-বালিকার ঘর্মাক্ত মুখ সূর্য আলোয় লাল হয়ে উঠলো। বেচারী ধনপুদি ক্ষণেক্ষণে তার দাদার ঘামগুলি মুছে দিচ্ছিল আর মাঝে মাঝে বাতাস করছিল।

সকাল গড়িয়ে দুপুর হলো, তবুও তারা একটা পাখিও ধরতে পারলো না। দু'জনের চোখে তখন হতাশা আর না পাওয়ার বেদনা টলমল করছিল। ক্ষোভে দুঃখে রাধামন স্বর্গরাজ ইন্দ্রকে মনেমনে ধ্যান করলো। রাধামন ছিল দেবংশি বা দেবের অংশে জন্ম গ্রহণকারী। তাই তার ডাকে ইন্দ্র সাড়া না দিয়ে পারলেন না। ইন্দ্র স্বর্গরাজ্যের ব্যাধগুলিকে গোপনে মর্ত্যলোকে পাঠিয়ে দিলেন। তখন ছয় কুড়ি ব্যাধ বিশ্বকর্মার তৈরী একটি জাল নিয়ে মর্ত্যে নেমে এলো। আর তাদের জন্য বার্গি পাখি ধরে দিল। এরপর তারা খুশি মনে পাখি নিয়ে সন্ধ্যার সময় বাড়ী ফিরলো। ঐদিকে তাদের আত্মীয় স্বজন এবং ক্ষুদে বন্ধুরা এই অভূক্ত বালক-বালিকার জন্য সারাদিন দুশ্চিন্তায় দিন কাটিয়েছিল।

এভাবে দু'টি বালক-বালিকা দেখতে দেখতে বড় হয়ে উঠলো। সে বছর রাধামন তেরতে পা দিল আর ধনপুদি বারতে। ধনপুদির বাবা নিলগিরি এবং মা কপুদি মেয়ের বুকে 'খাদি' বেঁধে দেওয়ার জন্য উঠে পড়ে লাগলেন। তৎকালে মেয়ের বয়স বার হলে বর্ষের শেষে দিনে 'বিজু' পরবের সময় আনুষ্ঠানিক ভাবে কিশোরীদের স্তনের উপর নানীরা খাদি বেঁধে দিতেন। এখন হয়েছে কি,– যে বছর ধনপুদির বয়স বার হয়, সে বছর বিজু দিনে তার সংগীরা সবাই বুকে 'খাদি' বাঁধলো। কেবল তার বয়স বার পুরোতে আরও তিন মাস লাগবে বলে সে বাঁধতে পারে নি। তাই তার লজ্জার সীমা ছিল না। তার লজ্জা দেখে তার আত্মীয় স্বজন বিজুর তিন মাস পরে আষাঢ়ের সাত তারিখে 'জলবিজু' দিনে তাকে বুকে খাদি বেঁধে দিলেন। এত কিশোরী ধনপুদির লজ্জা ঢাকা পড়ে গেল।

ঘিলা পারা

একটু বড় হতেই তারা ঘিলা নিয়ে খেলতে শুরু করলো। ঘিলা হলো এক জাতীয় ফলের বীজ। দেখতে অনেকটা মুরগীর গিলার মত। পূর্বাকালে 'ফুলবিজু' দিনে কিশোর-কিশোরীরা দল বেঁধে সারাদিন ঘিলা খেলা খেলতো। বছরের শেষের দিনের নাম 'বিজু' বা মূল বিজু। ঐ দিন চাকমাদের পরবের দিন। তার আগের

দিনের নাম 'ফুলবিজু'। মূলতঃ বিজুদিন ফুলবিজু থেকেই শুরু হয়। এ কারণে কিশোর-কিশোরীরা ঐ দিন থেকেই দল বেঁধে ঘিলা নিয়ে খেলতে শুরু করে।

যে বছর রাধামনের বয়স তের হয় আর ধনপুদির বয়স বার, সে বছর ধনপুদির ঘিলাখেলা খেলতে খুব সাধ হলো। সে ধরলো গিয়ে রাধামনকে ঘিলা এন দেওয়ার জন্য। রাধামন কোথায় ঘিলা পাওয়া যায় জানতো না। তাই সে বললো 'তুমি আজুর কাছে যাও' উনি হয়তো জানেন কোথায় ঘিলা লতা এবয় ঘিলা পাওয়া যায়। চাকমা ভাষায় নানা এবং দাদুকে 'আজু' বলা হয়। 'আজু' বলতে তারা চলাবাপকে বুঝতো। ধনপুদি চলাবাপের কাছে গেলে, চলাবাপ নাতনীকে নিয়ে ঠাট্টা মশকরা শুরু করলেন, 'কাজের বেলায় চলাবাপ। ঘুরার বেলায় রাধামন এ্যাঁ !'

ধনপুদি মুখ ঝামটা মেরে তাঁকে থামিয়ে দিল। তারপর শুরু করলো জ্বালাতন। তাতে কাজ হলো। চলাবাপ বললেন, গ্রামের অদূরে যেখানে ফুগংতলী নামক স্থানে দ্য মুরাহ্ পর্বতটি আছে তার বিপরীত দিকে পশ্চিম পার্শ্বে সমুদ্র রয়েছে। মেঘনার তীরে ঘিলা লতা জন্মায় তিনি যুবক বয়সে অনেক বার অনেক যুবতীর জন্য ঘিলা এনে দিয়েছেন। এমনকি নাতনী (ধনপুদি) যদি তার দিকে একটু কৃপা দৃষ্টি বিতরণ করে, তবে এই বৃদ্ধ বয়সেও তিনি যুবকের মত ধনপুদির জন্য ঘিলা আনতে এখনও রাজী আছেন। এরপর চলাবাপ ইচ্ছা করে রাধামনের নিন্দে করতে শুরু করলেন। তাতে ধনপুদি রেগে মেগে সেখান থেকে চলে গেল। আর রাগটা ঢাললো গিয়ে রাধামনের উপর। তুমি কেমন বয়সে বড় হলে শুনি, এত করে বলছি ঘিলা এনে দেওয়ার জন্য। আমার কথাগুলি তোমার কানেও ঢুকছে না। 'ধনপুদি বললো। 'পারবো না' বলে রাধামন ছোট কোনটার মুখের দিকে দিকে তাকিয়ে দেখে, কিশোরীর সুন্দর মুখটা আষাঢ়ের মেঘের মত কালো হতে শুরু করেছে। অবস্থা বেগতিক দেখে সে তাড়াতাড়ি রাজী হয়ে গের। তাতে মেঘ চিরে সূর্য আলোর মত ফিক করে একটা হাসি কিশোরীর ঠোঁট থেকে বেড়িয়ে পড়লো। রাধামন মনে মনে ভাবলো, 'যাক বাঁচা গেল। পরে ভুলিয়ে ভালিয়ে ঠিক করা যাবে।' কিন্তু তার সাধের মেয়েটি সাংঘাতিক নাছোড় বান্ধা; শেষমেষ একদিন তাকে নিয়ে ঘিলা আনার জন্য মেঘনার দিকে রওনা দিল।

যেতে যেতে তারা ফুগংতলী– দ্য মুরাহ্ পৌছলো। তারপর শুরু হলো পাহাড়ে উঠা। উঠতে উঠতে এক সময় যখন অনেক উপরে উঠলো, তখন দুরে তাদের গ্রাম খানিক ছবির মত মনে হচ্ছিল। তারা মাঝপথে পাহাড়ের উপর নাদেং (লাটিম) বানালো, খেললোও কিছুক্ষণ। এরপর আবার হাঁটা। হাঁটতে হাঁটতে এক সময় তারা ফুগংতলী– দ্যমুরাহ্র পর্বতের বিপরীত দিকে সমুদ্র দেখতে পেল। সমুদ্র দেখে দুজনের আনন্দের সীমা রইল না। সে এক বিস্ময় ! বিরাট সে সমুদ্র ! এর আগে তারা জীবনে কখনো সমুদ্র দেখেনি। এক সময় তারা যখন তার তীরে

পৌঁছলো তখন একটা চন্দন গাছের উপর একটা গিরালতার দেখা পেলো। কিন্তু একটি মাত্র ঘিলা লতা। সেটি যে চন্দন গাছের উপর ঝুলাইল, সেই চন্দন গাছটি খুবই উঁচু, একদম মেঘের সমান উঁচু। এর চারটি ডাল ছিল। পূর্বে একটি, পশ্চিমে একটি, উত্তরে একটি এবং দক্ষিণ-পূর্ব কোনে একটি। পূর্বের ডালে সমুদ্রের মাঝে বরাবর যেন ঘিলা লতায় একটা ঘিলার তাক ঝুলছিল। ঐ ঘিলার তাকটি সমুদ্রের উপর বাতাসে দুলছিল। সেখানে সে সময় জোর বাতাস থাকায় ঘিলার তাকটি বাতাসের এক ধাক্কায় কখনো সমুদ্রে ডুবছিল এবং কখনো আকাশে উঠছিল। ও'তে একটি বোঁটায় ছয়কুড়ি ঘিলাযুক্ত একটি 'ঘিলার তাক' ছিল। এত উপরে ঘিলার তাকটি দেখে রাধামন প্রমাদ গুণলো।

এদিকে হয়েছে আর এক বিপদ। বন থেকে নানা ধরনের হিংস্র জীবজন্তুর ডাক শুনা যাচ্ছিল। তাতে ধনপুদি গাছের নীচে একা থাকতে মোটেও রাজী নয়। তখন কী আর করা যায়, দুজনে মিলে পাহাড়ে গিয়ে বাঁশ কেটে নিয়ে এল। তারপর রাধামন সমুদ্রের জলে তিনটি বাঁশ পুঁতে একটা জলটংগী তৈরী করে ধনপুদিকে সোনে রেখে গাছে উঠা শুরু করলো। এ সমস্ত করতে করতে বেলা গড়িয়ে দুপুর। তাই তাড়াতাড়ি বেচারা ভয়ে ভয়ে গাছ বেয়ে অনেক উপরে উঠছিল। এক সময় উঠতে উঠতে চন্দন গাছটার দক্ষিণ-পূর্বের ডালটায় সে পৌঁছালো। সেখান থেকে শুরু হলো গাছের ডালের উপর হেঁটে মাঝ সমুদ্রের দিকে এগুনো। সে এক আভুত পূর্ব দৃশ্য। উপরে মেঘমুক্ত নীল আকাশ আর নীচে ধনপুদি এবং উত্তাল সমুদ্রের জলরাশি। একসময় রাধামন গাছের ডাল বেয়ে মাঝ দরিয়ায় পৌঁছালো। মাঝ দরিয়ায় পৌঁছে একটা বাঁশ দিয়ে ঘিলার তাকটা পাড়ার চেষ্টা করলো। কিন্তু না, ওটি বেশ শক্ত। এরপর সাহস করে লতা বেয়ে আরো অনেক উপরে উঠলো। তারপর কোমর থেকে ছোরা বের করে ঘিলার তাকটি কেটে নিয়ে আবার লতা বেয়ে দক্ষিণ-পূর্ব ডালটার উপর দিয়ে নামতে লাগল। তারপর শুরু হলো ডালের উপর হেঁটে ফিরে আসার পালা। তখন সমুদ্রের বাতাসে মনের আনন্দে সে যেন নেচে নেচে ফিরতে লাগলো। এমন সময় ঘটলো বিপদ। কোত্থেকে একটা কালো গোঁখরা শাপ এসে তার পথ আগলিয়ে তাকে পায়ে ছোবল মারল। বেচারা কালনাগের ছোবল খেয়ে ডিগবাজি খেয়ে আকাশ থেকে সমুদ্রে ঝরে পড়লো। তখন ধনপুদির অবস্থা অবর্ণনীয়। সে জলটংগী থেকে পাগলিনীর মত নদীতে ঝাঁপ দিল। আর মনে মনে গঙ্গাদেবীকে স্মরণ করলো। তারপর অনেক কষ্টে রাধামনকে জড়িয়ে ধরে সাঁতরিয়ে কূলে নিয়ে এলো। কূলে এসে অনেকক্ষণ ধরে আজুর (নানার) কাছেশিখা বিষ-ঝাড়া মন্ত্র দিয়ে সে রাধামনের পা থেকে সাপের বিষ ঝেড়ে ফেললো। তাতে রাধামন চেতনা ফিরে পেলে তারা দুইজন পরস্পরের জন্য এক বুক ভালবাসা নিয়ে গ্রামে ফিরে এলো।

ফুল পারা

এভাবে ঘিলা-পাড়ার মত নানা রোমাঞ্চকর অভিযানে গিয়ে এবং ঘিলা-খেলার মত নানা আকর্ষনীয় খেলা খেলতে খেলতে, কখনও বা বাঁশী, ধুদুক, খেংগরং- এর মত নানা সঙ্গীত যন্ত্র বাজাতে বাজাতে, কখনও পাহাড়ে কখনও জুমে কিংবা মোনঘরে একটু আধটু কাজ করে করে রাধামন ধনপুদি ধীরে ধীরে যৌবনে পা দিল। আর সুন্দরী ধনপুদি যতই বড় হতে লাগলো, ততই তার রূপের খ্যাতি গ্রাম থেকে গ্রামান্তওর, দেশ থেকে দেশান্তরে ছড়িয়ে পড়তে লাগলো। তখন চারিদিক থেকে যুবকেরা এসে তার সৌন্দর্য এক নজর দেখার জন্য ঘুর ঘুর করতে লাগলো। আর নানা জনের কাছ থেকে তার বাবা নিলগিরির কাছে তাকে বিয়ে দেওয়ার জন্য প্রস্তাব আসতে লাগলো। জনাব সুগত চাকমা কর্তৃক লিখিত চাকমা পরিচিতি (১৯৮৩ ঃ ১১০-১৯) গ্রন্থটি থেকে রাধামন-ধনপুদি ব্যলাডের ফুলপাড়া কাহিনীটি নিম্নে বর্ণনা করা হলো–

দিন দিন রাধামন ও ধনপুদি বড় হতে লাগলো। আর ধনপুদি যতই বড় হতে লাগল, ততই তার রূপের খ্যাতি গ্রাম থেকে গ্রামে, দেশ থেকে দেশান্তরে ছড়িয়ে পড়লো। তখন শূরু হলো আসা বিয়ের প্রস্তাব। প্রতিদিন নিলগিরির বাড়ীতে ছেলেদের অভিভাবকেরা বিয়ের প্রস্তাব নিয়ে ভিড় জমায়। বেচারী ধনপুদি কাহিল অবস্থা। না জানি তার প্রেম কোথায় ভেসে যায় !

এদিকে তার মা (কপুদি) রাধামনকে মোটে দেখতেই পারে না। তার ধারণা, রাধামন একটা অপদার্থ ছাড়া আর কিছু নয়। সারাদিন বন জঙ্গলে টো টো ঘুরে বেড়ানোই তার কাজ। মেয়েটার (ধনপুদির) মাথা ওটাই খাচ্ছে, এই তার মায়ের ধারণ। মেয়েটাকে তিনি রাধামনের সাথে মেলামেশায় সুযোগ দিলেও কোনদিন ভুলেও তার সাথে মেয়ের বিয়ে দেবেন এ তিনি ভাবতেই পারেন না।

ভাগ্নের উপর কপুদির রাগের আরও একটা কারণ ছিল এই যে কেউ যদি ধনপুদির বিয়ের প্রস্তাব কারো পক্ষ থেকে নিয়ে আসে তবে রাধামন সারাক্ষণ লোকটার নিন্দা করে বেড়ায়। তার নিন্দায় এমনই হুল থাকতো যে ঐ লোকটা দু'দিনেই বাপ বাপ করে পালাতো জীন্দেগীতে আর কখনও বিয়ের প্রস্তাব নিয়ে ঐ মুখী হতো না।

একবার হলো কি আদিধন নামে ভিন্ন গ্রামের একজন যুবকের ধনপুদিকে দেখে মনে ধরলো। সে তার পাণিপ্রার্থী হলো। আদিধনের বাবা ধনী। আর তাই ধনপুদির মায়ের তাকে জামাই করার জন্য খুব পছন্দ হলো। কিন্তু বাধ সাধলো রাধামন।

সে বলে বেড়াতে লাগলা আদিধন আস্ত একটা বেকুব। তার নাম ভোলানাথ হওয়া উচিত। একবার বাজারে গিয়ে এক মণ সুতা তিন পয়সার বিক্রি করেছে। এতে বেপারীরা তাকে ঠকিয়ে খুব মজা পেয়েছে। আর একবার নাকি নিজেদের জুমের পাশ্ববর্তী ছড়ায় (ছাট নদীতে) মাছ না কাঁকড়া ধরতে গিয়ে আদিধন পথ হারিয়ে জুমে উঠে একদল মেয়েকে দেখতে পেয়ে তাদেরতে প্রেম নিবেদন করতে যায়। কিন্তু জুমটা ছিল তাদেরই। আর ঐ মেয়েগুলিও তার বোনই। পরে আদিধন ব্যাপারটা বুঝতে পেরে খুব লজ্জা পায়।

এরপর আদিধনের আগ্রহে যখন একটুও ভাটা পড়লো না। তখন রাধামন আরও নতুন নতুন তথ্য পরিবেশন করতে লাগলো। আদিধনের নাকি শরীরে সাংঘাতিক ধরনের খোসপাঁসড়া আছে। এমনকি ওগুলি হয়তো কুষ্ঠও হতে পারে। এ কারণে নাকি সঙ্গী সাথীরা তাকে ঘুমানোর সময় কখনও দলে নেয় না। কারণ বলাতো যায় না আদিধনের রোগব্যাধি থাকলে ওগুলি হয়তো ছোঁয়াচেও হতে পারে। তাই তারা রাতে আদিধন কোন বাগীর পিছনের কক্ষে (ওজেলেং-এ) শু'লে, সবাই ঐ বাড়ীর সামনের কক্ষে (চানা-তে) শু'তে যায়। এতেও নাকি আদিধন এক রাতে তার সঙ্গীদের বারোটা বজিয়ে দিল। ঐ রাতে তার পেচ্ছাবের বেগ হলে আদিধন তাড়াহুড়োতে দিকভ্রান্ত হয়ে ওদের কক্ষে এসে ভুলবশতঃ ঐ কক্ষকে খোলা মাচা (ইজর) মনে করে ওদেরকে পেচ্ছাব করে দেয়। সেই থেকে ভুলেও নাকি তারা আর আদিধনকে সঙ্গে নেয় না।

আদিধন সম্পর্কে এই সমস্ত আজে বাজে কথা শুনে ধনপুদির মন একদিকে যেমন ভয়ে দমে গেল তেমনি অন্যদিকে তার মা কপুদির মন রেগে টং। যত্তসব জগাখিচুড়ি বানানো গল্প। বোনপোর উপর তার রাগের সীমা রইল না।

কিন্তু এতসব রটনার পরও আদিধনের বাবা একদিন উপহার সামগ্রী নিয়ে বউ দেখতে এলেন। একটা কুলায় রাখা হলো বেশ কিছু বিনি ধানের চাল, পিঠা, নারকেল এবং অন্যান্য সুস্বাদু খাদ্যদ্রব্য। একটা মদের বোতলও সঙ্গে আনা হলো। এ অনুষ্ঠানের নাম মদ পিলাং। রীতি অনুযায়ী আদিধনের বাবা এই মদ ধনপুদির বাবাকে দিলেন এবং তিনিও সাদরে গ্রহণ করলেন। এবার পাত্রী দেখানোর পালা।

কিন্তু ধনপুদির দেখা করারা কোন নাম গন্ধ পর্যন্ত নেই। এ বিষয়ে যেন তার কোন কৌতুহলও নেই। তার মা ধনপুদির অনুপস্থিতির জন্য মনে মনে রেগে গেলেও বাইরে তা' প্রকাশ করলেন না। তিনি মেয়েকে বারবার আদুরে গলায় সেখানে আসার জন্য ডাকতে লাগলেন। তার বারংবার ডাকে ধনপুদি শেষ পর্যন্ত আলুথালু বেশে নোংড়া কাপড় চোপড় পরে সেখানে এলো। আর এসেই উপহার সামগ্রীগুলি দেখতে না পাওয়ার ভান করে দিল নারকেল দু'টির উপর এক লাথি।

তাতে নারকেলগুলি কুলা থেকে ছিটকে মাচাংঘরের নীচে পড়ে গেল। আর পড়ার আগে এগুলি মদের বোতলে বাড়ি খেয়ে "মদ পিলাং"- এর মদটাই দিল নষ্ট করে। মদের বোতলটাও উল্টে গেল। উপস্থিত সবাই এ দৃশ্যে হা হা করে উঠলো।

তবে আদিচরণের বাবা তখনও আসল ব্যাপারটা বুঝতে পারেননি। তিনি এটাকে স্বাভাবিক ভাবে গ্রহণ করে ধনপুদিকে মা বলে কাছে ডাকলেন। এতে ধনপুদির বাবা নিলগিরি মেয়েকে তাড়াতাড়ি হবু শ্বশুরকে প্রণাম করতে বললেন। বাবার কথা মত ধনপুদি আদিচরণের বাবাকে প্রণাম করে "আজু" (মানে নানা) ডেকে বসলো। ছেলের হবু বউয়ের কাছে "নানা" ডাক শুনে আদিরণের বাবার চোখ একেবারে ঠেকলো গিয়ে কপালে ! কখন আর কি, ধনপুদির মা রেগে মেয়ের চুলের ঝুটি ধরে হিড়হিড় করে হেঁচড়িয়ে তাকে বাড়ীর ভিতর নিয়ে গেলেন। আর এটি যে তার গুণধর বোনপো রাধামনের কারসাজি তাতে তার বিন্দুমাত্র সন্দেহ রইল না। তিনি তার বোনপোর উপর আরও একধাপ ক্ষেপে গিয়ে আদিধনের সাথে তার মেয়ের বিয়ে দেওয়ার বিষয়টি দৃঢ় চিত্তে পাকাপোক্ত করে ফেললেন। হাজার হোক ধনী-পাত্র, সহজে হাত ছাড়া করা যায় না। আর ধনপুদির রূপ এমনই যে অপমানটা হজম করেও আদিধনের বাবা এ বিয়েতে স্থির থাকলেন।

এ খবর শুনে রাধামনের মন দমে গেল। এত রটনা, এত ঘটনা করেও তার প্রচেষ্টা ব্যর্থ হলো। সে বেচারা খুব বিষন্ন হলো। তাদের ছয়কুড়ি গেরস্থের গ্রামে নয়কুড়ি যুবকযুবতীদের মধ্যে তার মত দুঃখী আর কাউকে মনে হলো না। মনের দুাখে সে উদাসী হয়ে একা একা নির্জনে ঘুরেবেড়াতে লঅগলো। অতি দুঃখে ধনপুদির সাথেও তার আর দেখা করার ইচ্ছা হলো না।

এদিকে ধনপুদির প্রেমিকা হৃদয়ও বিরহে ছটফট করছিল। একদিন রাতে আকাশে পুর্ণ চাঁদ উঠলো। চারিদিকে জোছনা, আলোর বন্যা। ধনপুদি বেরুল রাধামনকে খুঁজতে। কোথাও তার দেখা নেই। সঙ্গী-সাথীদের কেউ জানেনা সে কোথায় আছে। তাই বেচারী ধনপুদি অনেকক্ষণ একা একা খোঁজা-খুঁজির পর রাধামনকে নির্জন একটি স্থানে দেখতে পেল।

ঐ সময় ধনপুদির হাতে একটি অপরূপ ফুলের খণ্ডিতাংশ। আজ জুম থেকে ফিরার পথে সেটি তার মা পথে কুড়িয়ে পেয়েছে। এমন সুন্দর ফুল রাধামন দেখেও দেখলো না। সে তখন তাদের সম্ভাব্য বিচ্ছেদের আশঙ্কার বিমর্ষ হয়ে আছে। ধনপুদি তাকে পেয়ে তাকে একথা সেকথার পর ওরকম একটি ফুল পেরে দেবার জন্য বায়না ধরলো। কিন্তু রাধামন ঐ ফুল চিনেনা। তাই ধনপুদির আবদার বিফল হলো। এতে ক্ষোভে, দুঃখে এবং অভিমানে ধনপুদির চোখ দিয়ে অশ্রু বেরুতে চাইলো। অবস্থা বেগতিক দেখে রাধামন তার কথায় মনযোগ দিল।

আশৈশব ধনপুদি তার নিত্যসঙ্গী। কখনও তার কোন আবদার পারতপক্ষে সে অপূরণ রাখেনি। কিন্তু ফুলটি তার অচেনা। তাই সে ধনপুদিকে বললো, "এ ফুল আমি চিনি না। জীবনে চোখেও দেখিনি। তুমি দাদুকে গিয়ে জিজ্ঞেস করো, এ ফুলের কি নাম, কোথায় পাওয়া যায় ?" এরপর ধনপুদি সে রাতে ধনপুদি চলাবাপের বাড়ির দিকে রওনা হলো। এমন জোছনা রাতে ধনপুদিকে এই অভিসারিণী বেশে দেখতে পেয়ে চলাবাপ ঠাট্টার সুরে বললো, "ওরে প্রিয়ে, শীগগীর এখান থেকে কেটে পড়ো। তোমার দাদী এই এলো বলে। আজ তোমার সাথে আমাকে দেখলে কাউকেই আর আস্ত রাখবে না।" তার এ কথায় ধনপুদি রেগে টং। পরে রাগ পড়ে এল ধনপুদি তাঁর কাছে আসল উদ্দেশ্যটা সে খুলে বললো। ফুলটির ব্যাপারে ধনপুদির অপরিসীম আগ্রহ দেখে চলাবাপ নাতনীর সাথে রঙ্গ করার জন্য প্রথমে ঐ ফুলের নাম বলতে চাইলো না। এতে প্রথমে রাগারাগি, পরে অনুনয় বিনয় করেও যখন কাজ হাসিল হচ্ছিল না তখন ধনপুদি কান্নাকাটি করার হুমকি দিল। এতে কাজ হয়ে গেল। চলাবাপতাড়াতাড়ি ঐ অচিন ফুলের নাম বললো, "নাকশা ফুল" মানে নাগেশ্বর ফুল। যার পাপড়ি ডিমের খোলের মত দপদপে সাদা, আর রেণুগুলিতে কুসুম-কোমল রঙ– হলুদ।

চলাবাপ বললো, এই ফুল সুদুরে সমুদ্র তীরের সুউচ্চ পর্বতগাত্রের বৃক্ষগুলিতে ফুটে। বৈশাখী ঝড়ে মেঘের সাথে হয়তো এটি উড়ে এসেছে। তবে এ ফুল ধনপুদির জীবনে পাবার কোন সম্ভাবনা নেই। কেউ উড়ে তার জন্য অত দূরে ফুল এনে দিতে যাবে না। অতএব, এ ফুরের আশা তার ত্যাগ করা উচিত। চলাবাপ ধনপুদিকে– এ ফুলের মায়া ছাড়ার জন্য যতই বুঝাতে লাগলো ততই সে এ ফুল পাবার জন্য উথলা হয়ে উঠলো। চাই, চাই, এ ফুল তার চাই। এ ফুল যদি চুলে গুঁজা না গেল তবে বৃথাই এ জীবন। কিন্তু এ ফুল কে তাকে এন দেবে ?

সে খণ্ডিত ফুলটি খোঁপায় গুঁজে আবার রাধামনের খোঁজে বেরিয়ে পড়লো। তখন মধ্যাকাশে পূর্ণ চাঁদ। নীচে অপরূপা আর ষোড়শী ধনপুদি। চুলে তার সেই অপূর্ব ছিন্ন ফুল, নাকশা!

কিছুক্ষণ খোঁজাখুঁজির পর তার রাধামনের সাথে দেখা হলো। তারপর শুরু হলো ঐ ফুল পাবার জন্য কাকুতি মিনতি। কিন্তু সমুদ্র তীর যে অনেক দূর, রাধামন তাকে ঐ দুরাশা থেকে বিরত করার চেষ্টা করলো। কিন্তু ধনপুদি তার কোন কথাই শুনতে চাইলো না। শেষ পর্যন্ত নিরূপায় হয়ে রাধামন ধনপুদিকে কথা দিল, এ ফুল সে তাকে সমুদ্র তীর থেকে অবশ্যই এনে দেবে।

তবে রাধামন এত সহজে তার সে কথা রাখেনি। আজ যাবো, কাল যাবো করে করে চলে গেল অনেকদিন। ফুরিয়ে গেল অনেক সময়। ফুরিয়ে গেল ফুল ফুটা এবং ফুলেরও সময়। দিন গড়িয়ে দিন গেল। মাস ফুরিয়ে বছর গেল।

ধনপুদির আর সে বছর খোঁপায় নাকশা ফুল গুঁজা হলো না। দেখতে দেখতে এগিয়ে এল তার বিয়ের দিন ; বিয়ে হবে তার আদিচরণের সাথে। তাই আসন্ন বিচ্ছেদের বেদনায় দুজন প্রেমিক প্রেমিকার মুখে নেমে এল বিষাদের ছায়া।

এমনি দুঃখের দিনে তারা একদিন তাদের খোলর সাথী কুঞ্জধন-কুঞ্জবী, মেয়াধন-মেয়াবী, ছেয়াধন-ছেয়াবী, ফুজুকধন-ফুজুকবী, নিলংধন-নিলংবী, কামেচধন-কামেচবী কে নিয়ে দলবদ্ধ হয়ে দূর বনে গেল বাঁশকোড়াল তুলতে, জুম থেকে শাক-সবজী (ত্যনপাত) কুড়াতে এবং পাহাড়ী ঝর্ণার জলে "লুই" দিয়ে মাছ ধরতে। ["লুই" হলো বেত দিয়ে নির্মিত এক জাতীয় ত্রিকোণাকৃতি ফাঁদ।]

মাসটা ছিল চৈত্র, ফুলের সময়। হঠাৎ ধনপুদির লুইয়ে মাছের সাথে ভেসে উঠলো একটি ফুলের পাপড়ি– সেই নাকশা (নাগেশ্বর) ! বুকটা ধনপুদির চলাৎ করে উঠলো। রক্তে হলো উন্মাদনা। মুখের ভাব বদলে গেল। আছে আছে, নিশ্চয়ই এ ফুল কাছে পিছে কোথাও না কোথাও আছে। সে মরিয়া হয়ে রাধামনকে চেপে ধরলো আজ তাকে পুল পেরে দিতেই হবে।

রাধামন তাকে অনেক কষ্টে বুঝলো দাদু বলেছে এ ফুল কেবল দূরের সমুদ্র তীরেই ফুটে, কাছে পিচে কোথাও নেই। এ পাপড়ি হয়তো বৈশাখী ঝড়ে উড়ে এসে ঝর্ণায় পড়েছে। সে তাকে শান্ত করার জন্য বললো, "আগামী কাল আমি অবশ্যই তোমার জন্য ফুল পারতে দূর সমুদ্র তীরে যাবো, সে যত দূরেই হোক।"

তখন ধনপুদি রাধামনকে বললো, "তুমি চন্দ্র, সূর্য্য, বসুমতীকে স্বাক্ষী রেখে আজ আমার কাছে প্রতিজ্ঞা করো, এ ফুল তুমি আমাকে অবশ্যই এনে দেবে।" ধনপুদির এ কথায় রাধামনও বললো, "তবে প্রিয়ে, আজ তুমিও চন্দ্র, সূর্য, বসুমতীকে স্বাক্ষী রেখে আমার কাছে প্রতিজ্ঞা করো। এ জীবন চলে গেলেও তুমি আমাকে ছাড়া আরা কাউকে সঙ্গী হিসেবে বেছে নেবে না।" তখন উভয়ে সেখানে পরস্পরকে জীবনসঙ্গী হিসাবে বেছে নেবার প্রতিজ্ঞা করলো।

পরদিন তারা গ্রাম থেকে রওনা হলো দূরে দূরে অনেক দূরে, দূর সমুদ্র তীরে। অনেক পথ অনেক অরণ্য পেরিয়ে শুরু হলো পাহাড় উঠা, একটি দু'টি নয় অজস্র; ফুগংতলী পর্বতমালা। সারাদিন অনেক কষ্টের পর তারা যখন পর্বত শিখরে পৌঁছলো তখন সেখান থেকে পূর্ব দিকে তাদরে গ্রামগুলিকে ছবির মত দেখাচ্ছিল। আর পশ্চিম দিকে তাকিয়ে তারা বিস্ময়ে অভিভূত হয়ে গেল। বিশাল মেঘনা-সমুদ্র! উত্তাল তার তরঙ্গমালা! সৃষ্টির অপূর্ব বিস্ময়!

শুরু হলো পাহাড় বেয়ে নামা ; তারা যখন ফুলের কাছাকাছি পৌঁছলো তখন দুপুর গড়িয়ে সন্ধ্যা হয় হয়। সূর্য ডুবু ডুবু। ফুলগুলি ছিল খুবই উঁচুতে। সমুদ্র

তীরে একটি শিলাময় গ্রাত্রে অনেকগুলি গাছে নাগেশ্বর ফুল বাতাসে দুলছিল। ধনপুদির মনে ভয় হলো, অত উঁচুতে রাধামন যদি ফুল পারতে যায় তবে হয়তো তাকে একা পেয়ে বাঘভাল্লুকে খেয়ে পেলবে। সে সমুদ্রের জলের উপর তার জন্য একটা জলটংগী বেঁধে দেবার জন্য রাধামনকে বললো। রাধামন পাহাড় থেকে বাঁশ কেটে এন সমুদ্রের তীরে অগভীর জলে তিনটি বাঁশ পুঁতে তার উপর একটি মাচা তৈরী করে ধনপুদিকে পিঠে চড়িয়ে জলটুংগীর উপর বসিয়ে দিল। সেখান থেকে ফুলগুলি ভাল ভাবে চোখে পড়ে।

রাধামন খাড়া পাহাড় বেয়ে গাছের উপর যখন উঠছিল তখন হঠাৎ যেন মনে মনে রাধামন দৈববাণী শুনলো আজ যদি সে ধনপুদির নামে ফুল ছিঁড়ে নির্ঘাৎ তার মৃত্যু হবে। একথা শুনে ভয়ে তার মনটা দমে গেল, সে গাছে চড়া বন্ধ করলো। এতে নীচ থেকে ধনপুদির মনে হলো, রাধামন হয়তো ভয়ে গাছে চড়তে চাচ্ছেনা। সে তাকে নীচে নেমে আসার জন্য অনুনয় করতে লাগলো। ধনপুদি বললো, "নেমে এসো প্রিয়। জগতে তোমার মত একটি ফুল থাকতে আমি আর কোন ফুল চাই না। বিধাতা যদি আমাকে জগতে একটি ফুলই বেছে নিতে বলেন, সে ফুল তুমি। আমার আর অন্য ফুলের প্রয়োজন নেই।"

এতক্ষণ ধরে রাধামনের মন জীবন ও মৃত্যুর দোলায় যেভাবে দুলছিল একথা শুনে হঠাৎ তা' থেমে গেল। তার মনে পড়লো তার প্রতিজ্ঞার কথা, ধনপুদিকে সে কথা দিয়েছে সে তাকে ফুল পেড়ে দেবে। তাতে যদি তার জীবন যায়ও তবু সে ধনপুদির জন্য ফুল ছিঁড়বে। রাধামন আবার গাছে উঠা শুরু করলো।

কিছুক্ষণ পর ফুলগুলি নাগালের মধ্যে এসে পড়লো। প্রথমে সে দু'টি পুল ছিঁড়ে নিল দাদু চলাবাপের জন্য, তারপর তাদের আশৈশব সঙ্গী বাকী ছয়টি জুটির নামে ছয় জোড়া ফুল ছিঁড়লো। ঐগুলি ধনপুদিকে ছুড়ে দিল। সবচেয়ে সুন্দর পুলগুলি দক্ষিণের ডালে। ঐগুলি তখন বাতাসে দুলছিল। ঐ ফুলই সে ধনপুদিকে দেবে। হঠাৎ আবার হৃদকম্প শুরু হলো। সে বৈবাণী– হয় জীবন, নয় মৃত্যু? একদিকে প্রেম অন্যদিকে মৃত্যু কোনটা সে বেছে নেবে? এ দু'য়ের সংঘাতে রাধামনের মনে হলো প্রেমের জন্য মৃত্যুকেই বেছে নেওয়া শ্রেয়। সে ধনপুদির জন্যে তড়িৎ গতিতে দু'টি ফুল যেই ছিঁড়লো অমনি এতক্ষণ ধরে পাতার আড়ালে লুকিয়ে লুকিয়ে থাকা একটি বিষাক্ত সাপ রাধামনকে পায়ে ছোবল মেরে সমুদ্রের অথৈ জলে ফেলে দিল। ধনপুদির কানে শুধু এলা "বিদায় প্রিয়ে বিদায়!" রাধামনের এই বিপদে ধনপুদি আর স্থির থাকতে পারলো না। রাধামনকে বাঁচানোর জন্য সমুদ্রের তীরে স্রোতে ধনপুদি ঝাঁপিয়ে পড়লো। স্রোতে তখন রাধামনকে অনেক দূরে নিয়ে গেচে। সে রাধামনের অচৈতন্য দেহকে যখন কূলে নিয়ে গেল, তখন রাত্রি গভীর। চারিদিকে গভীর অন্ধকার। ক্লান্ত শ্রান্ত ধনপুদি বনের লতাপাতা

এনে রাধামনের বিষাক্ত ক্ষতে লাগিয়ে দিয়ে বিধাতার কাছে সারারাত প্রার্থনা জানালো।

ভোর হতেই রাধামন চোখ খুললো প্রেয়সীর কোলে। সাগর জলে এবং বনের ঔষধে আশ্চর্যজনক ভাবে আপনিতেই বিষ নেমে গেছে। সে চোখ মেলে চারিদিকে তাকিয়ে দেখলো, ঊর্ধে উন্মুক্ত সীমাহীন আকাশ, সম্মুখে বিস্তৃত বালুকাময় সমুদ্র তীর, শিয়রে অপরূপা নারী এক ধনপুদি, আর হাতে তার তখনও ধরে রাখা সেই দু'টি ফুল।

সেও দু'টি ফুল ধনপুদির হাতে তুলে দিল। তারপর তারা দুজনে গ্রামে যখন ফিরে গেল তখন ধনপুদির খোঁপায় গুঁজা রইলো সেই দু'টি পুল, অপূর্ব সুন্দর– পারিজাত।

ধনপুদিকে কনে দেখা

ধনপুদির রূপের খ্যাতি যতই ছড়িয়ে পড়তে লাগলো, ততই তাকে এক নজর দেখার জন্য যুবকেরা কেবল ঘুর ঘুর করলো না, তাদের কেউ কেউ অভিভাবকদের মাধ্যমে বিয়ের প্রস্তাব পাঠাতে লাগলো। এমনি এক যুবকের নাম আদিচরণ, ধনপুদির রূপের খ্যাতি শুনে সে তাকে পাবার জন্য পাগল হয়ে উঠলো। আদিচরণ একটু হাবা গোবা প্রকৃতির। (এ জন্য কেউ কেউ তাকে ভোলানাথও ডাকে।) তার বাবা ধনীরাম অবস্থাপন্ন লোক। তারা ধনপুদির রূপগুণের কথা শুনে লোক মারফত ধনপুদির বাবামার কাছেতাদরে পুত্র আদিচরণের সাথে ধনপুদিকে বিয়ে দেওয়ার জন্য প্রস্তাব পাঠালো। তাদের সে প্রস্তাব পেয়ে ধনপুদির বাবা নিলগিরি এবং মা কপুদি সানন্দে তাদেরকে পুত্র আদিচরণসহ কনে দেখতে আসার জন্য আমন্ত্রণ জানালো। তারাও ধনপুদির বাবামার কাছ থেকে আমন্ত্রণ পেয়ে আত্মীয়স্বজন ও বন্ধুবান্ধবসহ নানা উপহারসহ কনে দেখতে ধনপুদিদের বাড়ীতে গেল।

সেদিন আদিচরণও বাবামার পিছে পিছে কনে দেখার জন্য ধনপুদিদেরবাড়ীতে রওনা হয়েছিল। তবে সে কনে দেখতে গেলেও নিত্য দিনের মত পূর্বাহ্নে খুব করে মদ গিলতে ভুললো না। তাই সে ধনপুদিদের মাচাংঘরে ওঠতে গিয়ে প্রথমেই গাছের সিঁড়ি থেকে একবার নীচে পড়ে গেল। এরপর বেশ কষ্টে কসরত করে মাচাংঘরে ওঠে প্রথমে দাওয়াই বসলো। সেখান থেকে ধনপুদিদের বাড়ীতে আসা নানা লোকজন এবং বাড়ীর মেয়েদের কর্মকান্ড দেখা যাচ্ছিল। ধনপুদির মা কপুদি মেয়ের বিয়ের দিন ধার্য করার উপলক্ষে সেখানে সেজেগুজে বসেছিল। ধনপুদি কিন্তু সাজেনি। সে বসেছিল মায়ের পিছনে। মাকে আড়াল হিসেবে রেখে। আদিচরণের সমবয়সী বেশ কিছু ছেলেমেয়েও সেখানে

ছিল। তারা আদিচরণকে দেখতে এসেছে। তাদের কেউ কেউ তার সঙ্গে ঠাট্টা তামাশাও করছিল। কেউ কেউ তাকে হবু বউ কোনটি তাও জিজ্ঞেস করছিল। আদিচরণ কথন কিন্তু মাতাল, সে তাদের বারংবার জিজ্ঞাসা করাতে হবু বউ হিসেবে তার হবু শাশুড়ী কপুদিকে একবার দেখিয়ে দিল। কারণ মা ও মেয়ে দুজনের মধ্যে তার সামনে কপুদিই সেজেগুজে বসেছিলেন। এতে চারিদিকে হাসির রোল পড়ে ড়েল। বুদ্ধিমতী কপুদি হবু জামাইয়ের বোকামি দেখেও না দেখার ভান করে বরঞ্চ তাকে প্রশ্রয় দিয়ে উত্তম কোন স্থানে বসার জন্য আমন্ত্রণ জানালেন। আদিচরণ হবু শাশুড়ীর এ হেন ইঙ্গিত পেয়ে লজ্জা ভাব নিয়ে তার পদধূলি নিল। এরপর সে পিঁড়া ভেবে সবতে গিয়ে এবার তামাকের গুঁড়া তৈরি করার উদুখলটার উপর বসে পড়লো। আর অমনি কুপোকাৎ। কপুদি এবারও হবু জামাইকে প্রশ্রয় দিয়ে বললো,– "ঠিক আছে, ঠিক আছে, ভাল করে বসো। পারলে বাছা,মদটদ একটু কম খেও"। আদিচরণ বেশ লজ্জা পেল। তার মাতলামি আর হাস্যকর কাণ্ড দেখে সবাই হেসে অস্থির। ধনপুদি রাগে আর লজ্জায় নানা চলাবাপের বাড়ী চলে গেল। সেখানে গিয়ে চেঁচিয়ে চেঁচিয়ে কাঁদতে লাগলো। নানা চলাবাপ বললেন, মাবাবা যখন তোমাকে আদিচরণের সাথে বিয়ে দিচ্ছে তখন তোমার মত না থাকলেও তার সাথেই তোমার বিয়ে হবে। ওদের ঘরগৃহস্থালির অবস্থা ভাল, ভাত কাপগের অভাব হবে না। ধনপুদি কাঁদতেই থাকলো। সেদিন তাদের বাড়ীতে পাড়াপড়শীদের উপস্থিতিতে আদিচরণের সাথে তার বিয়ের ব্যাপারে কথাবার্তা চলতে লাগলো।

কন্যাপক্ষ বরপক্ষের কাছে অলংকার পত্র, পোশাকপরিচ্ছদ, কন্যা পণের টাকা, 'ন-মুখ্যা' মাবাপের শূকর ইত্যাদি দাবী করলো। আদিচরণের বাবা ধনীরাম পুত্রের বিয়ে উপলক্ষে সে সব দিতে রাজী হলেন। এভাবেই আদিচরণের সাথে ধনপুদির বিয়ের কথাবার্তা ও বিয়ের দিন ধার্য হলো।

এরপর যথারীতি একদিন বরপক্ষ অলংকারপত্রাদি কনের জন্য পোমাকপরিচ্ছদ, পণের টাকা ইত্যাদি নিয়ে বাদ্যবাজনা সহকারে ধনপুদিদের বাড়ীতে এসে উপস্থিত হলেন। তখন তাদেরকে আপ্যায়নের ধূম পড়ে গেল। আত্মীয়স্বজন, বন্ধুবান্ধব এবং নিমন্ত্রিত অতিথিদের কলরবে ধনপুদিদের বাড়ীর পরিবেশ মুখরিত হয়ে ওঠলো। বরপক্ষের মেয়েরা যথা সময়ে অলংকারাদি নিয়ে ধনপুদিকে সাজাতে বসলো। এবং নিমন্ত্রিত অতিথিদের কলরবে ধনপুদিদের বাড়ীর পরিবেশ মুখরিত হয়ে ওঠলো। বরপক্ষের মেয়েরা যথা সময়ে অলংকারাদি নিয়ে ধনপুদিকে সাজাতে বসলো।

চাকমাদের রীতি অনুযায়ী 'চুঙুলাং' পূজার পানি কনেকে নদী বা কূয়া থেকে নিয়ে আসতে হয়। তাই ধনপুদিও কলসী নিয়ে নদীর দিকে জল আনতে

গেল। এরপর কলসিটি জলপূর্ণ করে সেটি নিয়ে তাদের বাড়ীতে না গিয়ে রাধামনদের বাড়ীতে গিয়ে ওঠলো। এতে চারিদিকে হৈ চৈ পড়ে গেল। রাধামনের বাবা জয়মঙ্গল ধনপুদিকে পুত্রবধূ হিসেবে বাড়ীতে রাখার মনস্থির করলেন। ধনীরাম গিয়ে পাড়ার মুরব্বীদের কাছে নালিশ দিলেন। এ বিষয়ে পাড়ার মারব্বীরা সভায় বসে কি করা যায় আলোচনায় বসলেন। অনেক আলাপ আলোচনার পর ঠিক হলো, এ যাবত পর্যন্ত আদিচরণের বাবা ধনীরামের পুত্রের বিয়ের ব্যাপারে যত খরচ হয়েছে ক্ষতিপূরণ বাবদ সেই পুরমাণ টাকা তাকে ফেরত দিতে হবে। রাধামনের বাবা জয়মঙ্গল ঐ পরিমাণ টাকা ক্ষতিপূরণ বাবদ ধনীরামকে দেবেন বলে সভাতে অঙ্গীকার করলে বিরোধের নিস্পত্তি ঘটে।

সেদিনই রাধামনদের বাড়ীতে পাড়াপড়শীদের উপস্থিতিতে রাধামন ও ধনপুদি এ দুজন প্রেমিক প্রেমিকার 'জরা-বানাহ্' (যুগলবদ্ধ করণ) অনুষ্ঠান সুসম্পন্ন হয়ে গেল। ঐ সময় রাধামন এবং ধনপুদির সঙ্গীসাথীরা যারপর নেই আনন্দে আত্মহারা হয়ে খুব হৈ চৈ, ফূর্তি এবং মজা করলো।

রাধামন ও ধনপুদির চুঙুলাং

রাধামন-ধনপুদির জরা-বানাহ্ (যুগলবদ্ধ হওয়া অনুষ্ঠান)- এর পর হাসি খুশীতে দিন যাপন করতে লাগলো। তাদের একটি নতুন মাচাংঘর হয়েচে। সেখানেই এখন তারা সুখে দিন যাপন করছে, এমনি একদিন তাদের নানা চলাবাপ তাদের বাড়িতে বেড়াতে এলেন। এসেই বললেন,- অনেক দিন হলো বেড়াতে আসিনি। কেমন আছ ? তোমাদের নতুন গৃহস্থালী কেমন চলছে ?

রাধামন নানা চলাবাপকে খুব খাতির করে বাড়ীতে বসালো। চলাবাপ রাধামন–ধনপুদির নতুন মাচাংঘরে বসে তাদের কুশলাদি একের পর এক জানতে চাইলেন। এবারও তিনি তাদের সাথে ঠাট্টা করতে ছাড়লেন না। বললেন,– কবে 'চুমুলাং' পূজা সম্পাদন করবে ? আর বেশী দিন দেরী হলে কিন্তু পাড়াপড়শীরা তোমাদেরকে সামাজিক অপরাধী সাব্যস্ত করে দণ্ড স্বরূপ তোমাদের কাছে শূকর চাইবে। রাধামনও ধনপুদি নানা চলাবাপের কথায় লজ্জা পেল। চলাবাপ তাদেরকে উপদেশ দেওয়ার ভঙ্গিতে বললেন,– অতীত থেকে আমাদের সমাজে লোকেরা বিবাহের সময় চুমুলাং পূজা অনুষ্ঠানের আয়োজন করে আসছে। এ পূজা দেবদেবী কালাইয়া, পরমেশ্বরী এবং অন্যান্য দেবদেবীবা সন্তুষ্ট হলে তারা নিশ্চয় বর দান করবেন। তাদের বরে নতুন বিবাহিত দম্পতির ঘরসংসার সুখের হয়ে থাকে। তোমাদেরও তাই হবে। এভাবে চরাবাপ আরো কিছুক্ষণ নাতিনাতনী রাধামনও ধনপুদিকে উপদেশ দেওয়ার পর বাড়ী চলে গেলেন।

তার কথাতে রাধামন ও ধনপুদি চুমুলাং পূজার আয়োজন করার জন্য মনস্থির করলো তারপর একদিন ধনপুদি চামালাং পূজার মদ তৈ করার জন্য পানি আনতে কলসী নিয়ে নদী তীরে গেল। প্রথমে সে কর জোড়ে জলের দেবী গঙ্গীমার উদ্দেশ্যে প্রণাম জানিয়ে কলসীতে জল ভরলো। এক কলসী জল বাড়ীতে রাখার পর ধনপুদি আবার জল আনতে নদীতে গেল। এবার জলের কলসী নিয়ে পেরার পথে হটাৎ একটা সাপকে পথের বাম পার্শ্ব থেকে ডান পার্শ্বে পার হতে দেখলো। এতে ভয়ে ধনপুদির মনটাও চমকে ওঠলো। ঐ সময় কী কুক্ষণে আবার দুটি শেয়াল শেয়ালী ডাকাডাকি শুরু করলো। ধনপুদির মনটা অমঙ্গল আশঙ্কায় আঁতকে ওঠতে লাগলো। সে তাড়াতাড়ি বাড়ী ফিরে চুলাতে মদের পাত্র চাপিয়ে মদ তৈরিতে মনোযোগ দিল। দেখতে দেখতে মদ তৈরি তার শেষ হলো। এ সব কাজ করতে করতে তার গোটা দিনটা কেটে গেল। রাতের খাওয়া-দাওয়ার আর কাজকর্ম সেরে সেদিন রাধামন–ধনপুদি ঘুমিয়ে পড়লো, পরদিন সকালে ধনপুদির পরামর্শ মত রাধামন তাদের চুমুলাঙের সময় পৌরহিত্য করার ব্যাপারে নানা চলাবাপকে অনুরোধ করারা জন্য তার বাড়ীতে গেল। যাবার সময় নানার জন্য একপাত্র মদ নিতেও ভুললো না। গিয়েই সে করজোরে নানা চলাবাপের হাতে মদের পাত্রটি তুলে দিয়ে তাকে পরদিন তাদের চুমুলাঙের সময় পৌরহিত্য করার জন্য নিবেদন করলো।

নানা চলাবাপ রাধামনের সাথে কিছুক্ষণ ঠাট্টা তামাশা করার পর তার প্রস্তাবে রাজী হরো। ঠিক হলো তিনি পরদিন রাধামন ও ধনপুদির 'চুমুলাং' করিয়ে দেওয়ার জন্য তাদের বাড়ীতে যাবেন। (চুমুলাং করিয়ে দেওয়া মানে এক্ষেত্রে চুমুলাং পূজা সম্পাদন করে দেওয়া)। এরপর রাধামন বাড়ী ফিরে গিয়ে স্ত্রীকে পরদিন 'চুমুলাং'- এর জন্য তৈরী হতে বললো। চাকমা সমাজে 'চুমুলাং' করার সময় মুরব্বী, আত্মীয়স্বজন, বন্ধুবান্ধব এবং পাড়াপড়শীদেরে ভোজে আমন্ত্রণ জানানোর রেওয়াজ আছে। তাই রাধামনও গ্রামের প্রধান কার্বারী, সম্মানিত ব্যক্তি খীসা, উপরিস্থ ব্যক্তি, বন্ধুবান্ধব, আত্মীয়স্বজন এবং পাড়াপড়শীদেরকে পরদিন তাদের চুমুরাঙের সময় ভোজে অংশ গ্রহণের জন্য নিমন্ত্রণ করতে রাগলো। এ সময় হঠাৎ কোত্থেকে এক 'সারাল্যা'চিল এসে তার বাড়ীর চালের উপর বসে বিশ্রী স্বরে ডাকতে লাগলো। ঐ চিলের করুন স্বরে মনটা একটু খারাপ হলেও রাধামন এবং ধনপুদি চুমুলাং- এর জিনিসপত্রে সংগ্রহ ও আয়োজনে আবার ব্যস্ত হয়ে পড়লো। ইতিমধ্যে অবশ্য ধনপুদি এক ফাঁকে বাড়ী থেকে বেরিয়ে তার সঙ্গীদেরকে সে নিমন্ত্রণ করে এলা; বিশেষ করে তারা সেই জন্যও সে তাদের কাছে সহযোগিতা করার জন্য সাহায্য চাইল। সেদিন রাতে চরাবাপ দেবদেবীদের উদ্দেশ্যে প্রণাম জানিয়ে ঘুমিয়ে পড়লো। রাতের প্রথম ভাগে ঘুমের মধ্যে চলাবাপ স্বপ্নে দেখলেন, তিনি একটি সুন্দর ধূতি এবং জামা পরে নৌকায় চরে সমুদ্রের

উজান দিকে নূরনগরে রওনা হয়েছেন। তার ঐ নৌকাটি প্রচুর মালামালে ভর্তি ছিল। যেতে যেতে তিনি একটি স্থানে বিরাট বৃক্ষ দেখতে পেলেন।

ঐ বিরাট বৃক্ষের ডালে ডালে নানা ধরনের পাখি বসে সেটিকে কলকাকলিতে পূর্ণ করে তুলেছিল। নানা চলাবাপ ঐ বৃক্ষের অদূরে ঘাটে নৌকা ভিড়িয়ে বৃক্ষের ছায়ায় বহুক্ষণ জিরিয়ে ক্লান্তি দূর করলেন। এটুকু পর্যন্ত স্বপ্ন দেখার পর চলাবাপ ঘুম থেকে জাগলেন। তখন রাত পোহাতে বেশ বাকী। চলাবাপ নানা কথা ভাবতে ভাবতে আবার ঘুমিয়ে পড়লেন। এবার রাতের শেষ প্রহরে চলাবাপ আরো এক অদ্ভুত স্বপ্ন দেখলেন। তিনি স্বপ্নে দেখলেন পূব আকাশে একটি ধূমকেতু উঠে সমস্ত আকাশকে ধোঁয়ায় ঢেকে পেলেছে। পশুপাখি সব দিশাহারা হয়ে কলরব করছে কাক-শকুনের দল গলিত ও পচা দ্রব্য খেতে খেতে দক্ষিণ দিকে কোথায় যেন রওনা হয়েছে। চারিদিকে দুর্ভিক্ষ নেমেছে। এ জাতীয় কুস্বপ্ন দেখে ভয়ে চলাবাপেরঘুম ভাঙলো। তখন ভোর হয়, হয়। রাতের আঁধারের রেশ তখনও বয়ে গেছে। এ সময় কোত্থেকে যেন এক জোড় 'পবাং' পাখি 'পভাং পভাং' করে এবং তাদরে সাথে আরও এক জোড় 'হগলক' পাখি বিশ্রী স্বরে ডাকাডাকি শুরু করলো। তারপরে মোরগুগলি ডেকে ওঠলো। চলাবাপ ভোর হতেই মুখহাত ধোয়ার পর রাধামনদের বাড়ীর দিকে রওনা হলেন। তিনি রাধামনের মাচাংঘরের গাছের সিঁড়ির কাছে পৌঁছাতেই প্রথমে ধনপুদির সাক্ষাৎ পেলেন। তখন সবে মাত্র ধনপুদি নদী তীরস্থ কূয়া থেকে কলসীতে জল ভরে বাড়ীর সিঁড়ির গোড়ায় পৌঁছেছে। ঐ সময় ধনপুদি ছয় মাসের গর্ভবতী ছিল। তার সে অবস্থা নিয়েও কৌতূক করতে চলাবাপ চাড়লো না।

রাধামন এবং ধনপুদি 'চুমুলাং' করার জন্য প্রতমে একটি 'চুমুলাং'– ঘর বানালো। এরপর চুমুলাং পূজায় বলি দেওয়ার জন্য চুমুলাঙের জন্য নির্ধারিত শূকরটি ধরার পালা। ততক্ষণে ধনপুদিও আদার দিয়ে চুমুলাং– এর জন্য মোরগ-মুরগী ধরার কাজে লেগে গেল। মুরগী ধরা যত সহজ, শূকর ধরা তত সহজ নয়। অনেক চেষ্টার পরও যখন যুবকেরা কেউ চুমুলাং– এর শূকরটি ধরতে পারছিল না, তখ চরাবাপের টিটকারিতে টিকতে না পেরে রাধামনের সঙ্গী কুঞ্জধন বলী 'ন-মুথ্যা' মাপের বিরাটাকৃতি শূকরটিকে ধরে ফেললো। এরপর নানা চলাবাপ ঐ বলিকৃত শূকর, মোরগ-মুরগীর মাংস ও অন্যান্য উপকরণ দেবদেবীদের উদ্দেশ্যে পূজায় দিয়ে রাধামন ও ধনপুদিকে প্রণাম জানানোর জন্য ডাকলেন। তারা লাজে লাজে এসে চুমুলাং পূজায় প্রণাম জানাল। চলাবাপ চুমুলাং পূজায় বাদবাকী অনুষ্ঠানাদিতে পৌরহিত্যে করলেন। এরপর দু'টি পাতা ধরে চলাবাপ উপর দিকে ছুড়লেন; পাতা দু'টি মসৃণ পার্শ্ব উপর দিকে থেকে মাটিতে পড়লো। চলাবাপ বললেন– পরমেশ্বরী দেবী তুষ্ট হয়েছেন। এ ভাবে চলাবাপ কিছুক্ষণ রাধামন ও ধনপুদির দাম্পত্য জীবন ভবিষ্যতে কেমন যাবে গনিয়ে দেখলেন। সব শেষে তিনি

রাধামনের অনুরোধে বললেন,- তাদের দাম্পত্য জীবন সুখ দুঃখি মিশ্রিত অবস্থায় কাটবে। তারা একটি পুত্র সন্তান লাভ করবে এবং বৃদ্ধাবস্থায় পুত্রছায়ায় জীবন-যাপন করবে। রাধামন এবং ধনপুদি পূজায় দেবদেবীদের উদ্দেশ্যে প্রণামের পর তাদের নানা চলাবাপ এবং অন্যান্য উপরিস্থ আত্মীয়দেরকে প্রণাম জানিয়ে তাদের আশীর্বাদ গ্রহণ করলো। সেদিন তার বাড়ীতে আমন্ত্রিত অতিথিরা সবাই খুব আনন্দের সাথে ভোজে অংশ নিয়েছিল। আর এ ভাবেই রাধামন ও ধনপুদির চুমুলাং পূজা সমাপ্ত হয়েছিল।

সাপ্রেকূল

এরপর রাধামন আর ধনপুদির বিয়ের পর সুখে দিন কাটাতে লাগলো। একদিন দু'দিন করে করে দেখতে দেখতে বছর পেরিয়ে গেল। তখন কার্ত্তিক মাসের পনের তারিখ হবে। ঐ সময় জুমিয়ারা তাদের অনেকে গ্রামে ফিরে এসেছে। এ সময় হঠাৎ করে গ্রামে নানা ধরনের অনাকাঙ্ক্ষিত ঘটনা কিছু ঘটেছিল। যেমন- বাড়ীর চালের উপর চিল বসতে লাগলো, নদী তীরে কূয়ার কাছের গাছগুলি থেকে ভীমরাজা পাখির কান্নার সুর শোনা যেতে লাগলো, দুপুরে গাছের শুকনো ডালে বসে ঘুঘুগুলি বিষন্ন সুরে ডাকে, আবার রাতের বেলায় সারারাত বানর জোড়ের ডাকাযাকি শুনা যায়। এ সব ভাল লক্ষণ নয়। তাই একদিন রাধামন নানা চলাবাপের কাছে গিয়ে এ সব বিষয়ে বলে তাকে জিজ্ঞেস করলো- নানা এ বছরটা কেমন কাটবে?

তার কথা শুনে চলাবাপ বিমর্ষ হয়ে বললেন- নাতি, এ বছরটা লোকের ভাল কাটবে না। সাধারণ লোকের কথা বাদ দিই, রাজার পর্যন্ত সুখ থাকবে না। এ বছর রাজায় রাজায় যুদ্ধ বাধবে। সংসারে দুঃখ, কষ্টে আর দুর্দশার শেষ থাকবে না। নানার কাছে এ কথা শুনে রাধামন শঙ্কিত মনে বাড়ী চলে গেল। এরপর সময় যত যেতে লাগলো ততই নানা অমঙ্গলের চিহ্ন দেখে গ্রামের লোকেরাও চিন্তিত হয়ে পড়লো। ইতিমধ্যে অবশ্য এ গ্রামে সে গ্রাম ঘুরে একদিন তাদের কাছেও রটে গেল- চট্টগ্রাম অঞ্চলে মগেরা হানা দিয়ে নানা অত্যাচার করছে, তাদের অত্যাচারে ত্রিপুরারাও টিকতে পারছে না, তাই ত্রিপুরা রাজা চাকমা রাজার কাছে সাহায্য চেয়ে দূত পাঠিয়েছেন।

চাকমা রাজার রাজধানী চম্পকনগর। রাজা বৃদ্ধ হয়েছেন। তাই এ বিষয়ে সিদ্ধান্তের ভার পড়লো যুবরাজ বিজয়গিরির ওপর। বিজয়গিরি সভা ডেকে সভাষদদের মতামত নেওয়ার পর ত্রিপুরা রাজার কাছে রঙ্গধনকে দূত হিসেবে প্রেরণ করেন। রঙ্গধন বিজয়গিরির পত্র নিয়ে গোপনে চট্টগ্রাম অঞ্চলের উপর দিয়ে ঘুরে ত্রিপুরা রাজার কাছে গেলেন। ইতোমধ্যে তাঁর নিয়োজিত দুজন চর ছ'দিন

পথচলার পরে চট্টগ্রামে পৌঁছে গোপনে মগ সৈন্যদের অবস্থান ও শক্তি সম্পর্কে খোঁজখবর নিয়ে তাঁর সাথে যোগ দিল। এরপর রঙ্গধন যথা সময়ে যুবরাজ বিজয়গিরির কাছে পৌঁছে তাঁকে সালাম জানানোর পর বিস্তারিত ভাবে সব খবরাখবর দিলেন। বিজয়গিরি রঙ্গধনের কাছ থেকে সব খবরাখবর অবগত হওয়ার পর দক্ষিণ দিকে অভিযান চালিয়ে চট্টগ্রাম, আরাকান এবং অক্সাদেশ (নিম্ন ব্রহ্মদেশ) পর্যন্ত জয় করে শান্তি শৃঙ্খলা স্থাপন করবেন বলে মনস্থির করলেন। তাই তিনি সভা আহবান করলেন। সভায় তাঁর অভিযান সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হলো। এই অভিযানকে সফল করতে হলে একজন উপযুক্ত সেনাপতির প্রয়োজন। অনেকে এই অভিযানে ধনপাদাবাসী রাধামন সেনাপতি হিসেবে উপযুক্ত হবেন বলে তাঁর নাম প্রস্তাব করলেন। বিস্তারিত আলোচনার পর বিজয়গিরি রাধামনকে উক্ত অভিযানে যোগ দেওয়ার আদেশ দিয়ে থুদাশিং ত্রিপুরাকে তাঁর কাছে পাঠালেন। এ ভাবেই সেদিনের সভা সমাপ্ত হয়। এরপর থুদাশিং রাজার আদেশ নিয়ে ধনপাদা গ্রামের উদ্দেশ্যে রওনা হলো।

এদিকে একদিন রাতে ধনপাদা গ্রামে ধনপুদি চর্কায় সুতা কাটছে; সুতা কাটতে কাটতে রাত ক্রমশ গভীর হলো। এ সময় রাতে ভীমরাজ পাখির করুণ সুর এবং ঘুঘুর করুণ শব্দসহ বানরবানরীর করুণ স্বরে যাকাযাকির আওয়াজ শোনা যাচ্ছিল। হঠাৎ করে ঝাকে ঝাকে টিয়া এবং অন্যান্য পাখির ঝাক দেশান্তরিত হচ্ছিল। ঐ সময় তার স্বামী রাধামন গভীর ঘুমে নিমগ্ন ছিল। তার ঐ সব ঘটনা ধনপুদির মনকে ক্রমশ ভীত, বিষন্ন এবং আতঙ্কিত করে তুলছিল। সে ভয়ে স্বামীকে জড়িয়ে ধরে ঘুমিয়ে পড়লো। এরপর রাত ফুরিয়ে যখন ভোর হলো। ধনপুদি নদীতীরে কূয়া থেকে জল আনতে গেল। তখনও কিন্তু সেখানে ভীমরাজ পাখিটি করুণ সুরে ডেকে চলছিল আর তার মনে বিষন্নতা ছড়িয়ে দিচ্ছিল। ধনপুদি কলসীতে জল ভরে ধরিে ধীরে বাড়ীর দিকে রওনা হলো। হঠাৎ সে সময় কোত্থেকে একটি 'বাত্তুয়া' পাখি (বার্তা পাখি) উড়ে এসে তার সামনে সবুজ ডালে না বসে একটি শুকনো ডালে বসে পড়লো। এ কুলক্ষণ দেখে ধনপুদি চমকে ওঠলো। তার সুন্দর মুখ মণ্ডল অজানা আশঙ্কায় কালো হয়ে ওঠলো।

সেদিন সকালে ধনপুদি যখন কূয়া থেকে জল আনতে গিয়েছিল তখন তাদের গ্রামে বিচিত্র সাজে সজ্জিত এক আগন্তুককে দেখে হৈ চৈ পড়ে গেল। কেউ তাকে চেনেনা আর কেউ তার ভাষাও বোঝে না। সবাই তাকে চলাবাপের বাড়ীটি দেখিয়ে দিল। হাজার হোক তিনি গ্রামের মুরব্বী এবং জ্ঞানীগুনী ব্যক্তি। তাদের ভাবভঙ্গিতে এবং ইশারায় ব্যাপারটা বুঝতে পেরে থুদাশিং চলাবাপের বাড়ীর দিকে রওনা হলো। সেখানে পৌঁছতে চলাবাপ তাকে বাড়ীতে ওঠার জন্য সাদরে আমন্ত্রণ জানালেন। থুদাশিং চলাবাপের বাড়ীতে ওঠার পর আপ্যায়িত হলেন। তাদের মধ্যে তাঁর আগমন নিয়ে আলোচনা হয়। থুদাশিং বললেন সে, রাজার হুকুম হয়েছে

রাধামনকে যুদ্ধে যেতে হবে। এই হুকুম রাধামনের কাছে পৌছিয়ে দেওয়ার জন্য তিনি এখানে এসেছেন। কিন্তু তিনি রাধামনের বাড়ী চেনেন না। তাই চলাবাপ যেন রাধামনের সাথে তাঁর সাক্ষাতের ব্যবস্থা করে দেন, তিনি চরাবাপের কাছে এই অনুরোধ করলেন। তাঁর এ কথায় চরাবাপ রাধামনকে তার বাড়ীতে এসে থুদাশিঙের সাথে দেখা করার জন্য খবর পাঠালেন। সে খবর পেয়ে রাধামন দ্রুত চরাবাপের বাড়ীতে পৌছলো। চলাবাপ থুদাশিঙের সাথে রাধামনকে পরিচয় করিয়ে দিলেন। থুদাশিং রাধামনকে 'খুলুংকা' বলে নমস্কার করলেন। তারপর তার হাতে রাজার আদেশ তুলে দিলেন। রাধামন সে আদেশ পেয়ে যার পর নাই খুব বিমর্ষ হলেন। এক সময় থুদাশিং সেখান থেকে নমস্কার জানিয়ে বিদায় নিলেন। রাধামনও বিমর্ষ বদনে তার বাড়ীতে ফিরে গেল।

সেদিন ধনপুদি জলপূর্ণ কলসী নিয়ে নদীর তীরে কূয়া থেকে যখন ধীরে ধীরে বাড়ী ফিরছিল, তখন হঠাৎ জোড় বাতাসে তার মাথার খবং (মাথায় বাঁধার কাপড় বিশেষ) বাতাসে উড়ে গেল। এক চিল উড়ন্ত অবস্থায় সেই খবং-এর কাপড় পেয়ে সেটি নিয়ে কিছুক্ষণ উড়ে একটি গাছের শুষ্ক ডালে গিয়ে বসলো। বেচারী ধনপুদি এমনিতেই গর্ভবতী তার উপরে কাঁখে জল ভরা কলসী ! অনেক কষ্টে সে 'খবং'- এর কাপড়টি উদ্ধার করে তবেই বাড়ীতে ফিরলো। সেদিন বাড়ী ফিরতে রাধামনের বিষন্ন বদন দেখে তার প্রাণটা যেন অজানা আশঙ্কায় স্যাঁৎ করে ওঠলো। সে বাড়ীতে ওঠে জলভরা কলসীটি এক কোণে রেখে ধীরে ধীরে রাধামনের কাছ থেকে সব খবর জেনে নিল। রাধামনকে যুদ্ধে যেতে হবে এই খবরে স্বামী-স্ত্রী দুজনের মাথায় যেন বাজ পড়লো। ধনপুদি কাঁদতে লাগলো আর রাধামন বিমর্ষ বদনে চুপচাপ বসে রইলো। এক সময় কান্না থামিয়ে শান্ত হওয়ার পর রাধামনকে বললো,- "আমার বাবার একজন প্রভাবশালী ত্রিপুরা বন্ধু আছে। ওনার নাম জয়নারান। তিনি পাশের গ্রামের মুরুব্বী। তার কাছে তোমার বদলে যুদ্ধে যাওয়ার জন্য একজন 'এয়জি' (প্রতিনিধি) চাইলে হয়তো পাওয়া যাবে।" ধনপুদির এ কথায় রাধামন জয়নারান রোয়াজার কাছে যাওয়ার জন্য মনস্থির করলো। এরপর একদিন সে ঐ ত্রিপুরা গ্রামে গেল।

রাধামন লোকের কাছে জিজ্ঞেসাবাদ করতে করতে এক সময় জয়নারান রোয়াজার বাড়ী খুঁজে পেল। সে জয়নারায়ন রোয়াজাকে নমস্কার জানিয়ে তার বাড়ীতে বসলো। এরপর তাদের মধ্যে কুশল বিনিময়ের পর সে তার কাছে ত্রিপুরা গ্রামে আসার উদ্দেশ্য খুলে বললো। রাধামন জয়নারাণ রোয়াজাকে এ কথাও বললো যে, সে তার পরিবর্তে যে লোক যুদ্ধে যাবে তাকে ছয় কুড়ি তেঙা (টাকা) দেবে। হাজার হোক বন্ধুর জামাই, জয়নারাণ রোয়াজা তাঁর কথা ফেলতে পারলেন না। তিনি তার গ্রামের লোকদেরকে সভায় ডাকলেন এবং তাদের গ্রামে রাধামনের আগমনের উদ্দেশ্যের কথা বললেন। সব কথা শুনার পর কেউই রাধামনের ঐ প্রস্তা

বে রাজী হলো না। তারা ছয় কুড়ি কেন দু'শ 'তেঙা' (টাকা)- র বিনিময়েও রাধামনের পরিবর্তে 'এয়জি' (প্রতিনিধি) হয়ে যুদ্ধে যেতে রাজী হলো না। অগত্যা রাধামন আর কি করে ? সে কাছে তার ঐ চেষ্টার ব্যর্থ খবর শুনে ধনপুদি দুঃখে মূর্ছা গেল। তখন আত্মীয় স্বজন এসে তাকে সুস্থ ও শান্ত করে তুললো। নানা চরাবাপ নাতনী ধনপুদিকে পরামর্শ দিলেন- "রাধামনের জন্য 'সাজন্যা গামছা' বুনে দিও। তাহলে ও যুদ্ধে মারা যাবে না। বরঞ্চ জয় করে ফিরে আসবে।" চলাবাপের এ কথায় ধনপুদি শান্ত হয়ে রাধামনের জন্য 'সাজনা গামছা' বুনে দেবার মনস্থির করলো।

(উল্লেখ্য পূর্বে একদিনের মধ্যে যে বিশেষ গামছা বুনে দেওয়া হতো তাকে 'সাজন্যা গামছা' বলা হতো। এতে প্রথমে তুলা থেকে সুতা এবং পরে সুতা থেকে গামছা কাপড় একদিনের মধ্যে কোমর তাঁতে তৈরি করা হতো।)

তারপর একদিন রাধামন এবং ধনপুদি আবার গ্রাম ছেড়ে ফুগংতলী দ্য-মুরায় রওনা হলো। উদ্দেশ্য আজ ধনপুদি রাধামনকে সাজন্যা গামছা বুনে দেবে। বেচারী তার ছয় মাসের অন্তসত্ত্বা অবস্থায়ও ধীরে ধীরে পাহাড় বেয়ে উপরে ওঠলো। তখন তার সর্বাঙ্গ শরীরে বেয়ে মুক্তার মত টপটপ করে ঘাম পড়ছে। রাধামন প্রিয়তমা স্ত্রীর সে ঘাম মুছে দিয়ে তাকে একটি ছায়াতল স্থানে বসলো। সেখান তেকে পাহাড়ের অপূর্ব দৃশ্যাবলী দেখা যাচ্ছিল। আর মৃদুমন্দ বাতাসে ধীরে ধীরে ধনপুদির দেহমন শান্ত হচ্ছিল। ঐ সময় পাহাড়ের উপত্যকায় 'রানি-কুহ্‌য়া' নামে কুয়াশার মত দেখতে এক প্রকার মেঘরাশি দেখা যাচ্ছিল। ধনপুদি এ বিষয়ে রাধামনকে জিজ্ঞাসা করায় রাধামন বললো যে অতীতে সনামুগি এবং রূবামুগি নামে দুজন সহোধরা বিধবা বহু বছর পরে নদী তীরে কূয়া ঘাটে একত্রিত হয়ে তাদের দুঃখের কথা বলে বলে এক নিশিতে খুব কেঁদেছিল। তাদের সে অশ্রু থেকে নদীর সৃষ্টি হলো। সেই নদীর জল সাগরে যখন পতিত হলো তখন তা' থেকে মেঘ আকারে 'রানি-কুহ্‌য়ার' জন্ম হলো। বেদনাশ্রু থেকে এই মেঘের জন্ম হয়েছে বলে পাহাড় ও মাটি তা সহ্য করতে পারবে না। তাই রানি-কুহ্‌য়া মাটিতে পড়ছে না। তবে বাতাস একে পাহাড়ের পাশে পাশে রেখে দিয়েছে।

'রানি-কুহ্‌য়া'র দুঃখিনী সহোদরা বিধবা বোনদের দুঃখের কাহিনী শুনে ধনপুদির চোখে থেকেও অশ্রু ঝরে পড়তে লাগলো। সে দুঃখের সাথে বললো- "তুমি যুদ্ধে চলে গেলে, তোমা বিনা আমারও এই অবস্থা হবে প্রিয়তম।" রাধামন প্রিয়তমা স্ত্রীকে সান্তনা দিয়ে বললো- "প্রিয়ে কেঁদো না। আমি যুদ্ধে গেলেও মারা যাব না। বরঞ্চ জয় করে তোমার কাছে ফিরে আসবো।"

ফুগংতলী- দ্য মুরার উপর বৃক্ষচ্ছায়ায় বসে সুশীতল বাতাসে এবং রাধামনের বিজয়ী আশ্বাসে ধনপুদির দেহমন জুড়িয়ে গেল। এবার সে মনে মনে

ভাবতে লাগলো– তার তো সাথে কোন চর্কাকর্কি সুতা কিংবা 'বেইন' (কোমরতাঁত)–এর সরঞ্জামাদি নেই, তবে কিভাবে সে রাধামনের জন্য 'সাজন্যাগামছা' বুনে দেবে ? সে রাধামনকে ঐ সব জিনিসগুলি জোগাড় করে দেওয়ার জন্য মিনতি করতে লাগলো। রাধামনও সেই মূহুর্তে পড়লো মহা সমস্যায়, এ সব জিনিসি সে এখন কোথায় পাবে ? তবু প্রিয়তমা স্ত্রীকে খুশী করার জন্য সে বনে গিয়ে কোমর তাঁত 'বেইন' তৈরি করে দেওয়ার জন্য বাঁশ, গাছ এবং প্রয়োজনীয় জিনিসপত্র এন দিল। রাধামন তুলার গাছ থেকে তুলা পেড়ে আনলো (এবং সুতায় রঙ করার জন্য নানা রঙের গাছ, পাতা, ফুল এন দিল)। তারপর সে ইষ্ট দেবতাদের উদ্দেশ্যে মনে মনে প্রণাম জানিয়ে 'বেইন' তৈরিতে মনঃনিবেশ করলো। (তার প্রার্থনা শুনে স্বর্গ থেকে দেবতা বিশ্বকর্মা ছয়কুড়ি কর্মী নিয়ে সেখানে উপস্থিত হলেন!) ধনপুদিও মনে মনে স্বর্গীয় দেবী মালক্ষ্মীর উদ্দেশ্যে তপ করতে লাগলো। (তার তপস্যায় মালক্ষ্মী স্বর্গ থেকে মর্ত্য লোকে সেখানে উপস্থিত হলেন এবং তার বরে বিশ্বকর্মাও যেন রাধামনের হাত দিয়ে পরম নিপুনতার সঙ্গে ধনপুদির জন্য কোমরতাঁত 'বেইন' প্রস্তুত করে দিলেন।) ধনপুদি রাধামনের তৈরি চর্কা দিয়ে তুলা থেকে প্রথমে খুব সুন্দর করে মিহি সুতা তৈরি করলো। তারপর সে সেই অপূর্ব শুভ্র সুতাগুলি কোমরতাঁতে জুড়ে দিয়ে 'সাজন্যাগামছা' বুনতে লাগলো। ইতোমধ্যে অবশ্য তার কোন কোন সুতায় বনের নানা উদ্ভিদ ও পাতা থেকে প্রস্তুতকৃত রঙ লাগানো হয়ে গিয়েছিল। ধনপুদি কাপড় বুনছে তো বুনছে আর রাধামন তার কাছে বসে অবাক হয়ে তার কাপড় বোনা দেখছিল। দেখতে দেখতে (মালক্ষ্মীর বরে) ধনুপদির অপূর্ব সুন্দর নানা নক্শাযুক্ত কাপড়খানা তৈরি হয়ে গেল– এই তাহলে সাজন্যাগামছা! একদিনের মধ্যে তুলা থেকে সুতা আর সেই সুতা দিয়ে কোমরতাঁতে তৈরি হয়ে গেল সাজন্যাগামছা ! (আসলে দেবী মালক্ষ্মীই ধনপুদির হাত দিয়ে সেই আশ্চর্য সুন্দর সাজন্যগামছাটি তৈরি করে দিয়েছিলেন?) এ সাজন্যগামছা পরে তার প্রিয় স্বামী যুদ্ধ করলে সে বিজয়ী এবং অজেয় হবে ভেবে ধনপুদির মন খুশীতে ভরে ওঠলো। এদিকে দুপুর পেরিয়ে ততক্ষণে বিকেল হয়েছে। সূর্য পশ্চিম আকাশে পাহাড়ের উপর অস্ত যায় যায় করছে। রাধামন ও ধনপুদি আর দেরী না করে খুশী মনে সাজন্যাগামছা নিয়ে বাড়ী ফিরে গেল।

এরপর কয়েকটা দিন কেটে গেল। (ইতোমধ্যে যুবরাজ বিজয়গিরি আদেশ রাধামনের কাছে পৌছে গিয়েছিল। তাই রাধামন তার সঙ্গী যোদ্ধাদের নিয়ে বিজয়গিরির শিবিরে রওনা হলো আর সেখানে রাজার সুদক্ষ অস্ত্র প্রশিক্ষকদের কাছে নানা ধরনের অস্ত্র চালনা শিখে পারদর্শিতা অর্জন করে বাড়ী ফিরে এলো। এদিকে তার উপরিস্থ ব্যক্তি, আত্মীয়স্বজন এবং গ্রামবাসীদের মধ্যে অস্ত্রবিদ্যায় তার পারদর্শিতা সম্পর্কে উত্তরোত্তর কৌতূহল বৃদ্ধি পাচ্ছিল। তাই একদিন সে তাদের অনুরোধে তাদেরকে বিভিন্ন অস্ত্র চালনা প্রদর্শন করার জন্য মনস্থির

করলো।) রাধামন তাদের (গ্রামের অনতিদূরে) যেদিন হংমালি বসে, সেদিনই তার অস্ত্রবিদ্যা জনসমক্ষে প্রদর্শন করার জন্য মনস্থির করলেঅ। রাধামনের ঐ ঘোষণা শুনে হয়মালি হাটের দিন তাঁর অস্ত্র চালনা প্রদর্শনের স্থানে কেবল তাদের গ্রামের লোকেরা নয়, দূর দূরান্ত থেকেও বহু লোক এসে সমবেত হলো।

সে তাদেরকে প্রথমে তরবারি দিয়ে নানা কৌশল দেখাতে লাগলো। তার তরবারি চালনা দ্রুত থেকে এমন দ্রুততর হলো যে তা যেন আর চোখে দেখাই যাচ্ছিল না। এক সময় সেখানে দর্শক হিসেবে উপস্থিত কয়েক মহিলার কাঁধে ধারণকৃত কুম্ভের গলা মূহুর্তের মধ্যে চোখের নিমিষে তরবারি দিয়ে কখন যে রাধামন কেটে দিল তা' তারা (কলসীগুলি থেকে জল ঝরে পড়ার আগ পর্যন্ত) টেরও পায়নি। এ রকম বিদ্যুৎ গতিসম্পন্ন তার অসি চালনা দেখে সবাই বিস্ময়ে হতবাক হয়ে গেল। এরপর রাধামন সেখানে রক্ষিত কমপক্ষে বাইশ মণ ওজনের একটি প্রকান্ড পাথরকে অনাসায়ে এক হাতে আলগিয়ে সবাইকে আবারও তাক লাগিয়ে দিল। সবাই তার প্রচন্ড শারীরিক শক্তি দেখে প্রশংসা করতে লাগলো। রাধামন এবার সেখানকার সাতটি বন্য কলাগাছের আগা এক মুষ্ঠিতে ধরে একটানে উপড়ে ফেললো।

সমবেত লোকজন বিস্ময়ের পর বিস্ময়কর এসব কর্মকান্ড দেখে যখন মুগ্ধ হয়ে সম্বিৎ পর্যন্ত হারিয়ে ফেলার উপক্রম হলো তখনই রাধামন ধনু ও শর নিয়ে তার তীরের খেলা দেখালো। সে একটার পর একটা তীর ছুড়ে কখনও বা একসাথে অজস্র তীর ছুড়ে যেন আকাশ ঢেকে ফেললো। তার ইঙ্গিতে ছয় জন তীরান্দাজ তাকে ঘিরে তার দিকে তাক করে ধনু থেকে তীর ছুড়তে লাগলো; সেও (বর্ম ছাড়া দেহকে সুকৌশলে রক্ষা করে) চোখের পলকে স্থানে পরিবর্তন করতে লাগলো। তাদের ছোড়া তীরগুলি মাটিতে খাড়া ভাবে পড়ে তীরের সেতু নির্মাণ করে ফেললো। তখন রাধামন লাফ দিয়ে দিয়ে ঐ সব তীরের মাথায় পা রেখে রেখে ইচ্ছামত ঘুরে ফিরে স্বস্থানে ফিরে এসে সবার বিস্মিতি চোক্ষের সম্মুখে অক্ষত রয়ে গেল। এত সবার মনে বিশ্বাস জন্মালো,- রাধামন অবশ্যই যুদ্ধে জয় করে একদিন ফিরে আসবে। তার এই আশ্চর্যজনক অস্ত্রচালনা দেখে ধনপুদিও মনে মনে খুশী হলো। তার মনেও নতুন আশা জাগলো,- তার প্রিয় স্বামী যুদ্ধ জয় করে একদিন বিজয়ীর বেশে সগৌরবে তার কাছে ফিরে আসবে। সেদিন যারা রাধামনের অস্ত্র চালনা দেখেছিল সবাই তার প্রশংসায় পঞ্চমুখ হয়ে বাড়ী ফিরে গিয়েছিল। এভাবে অস্ত্র চালনা প্রদর্শনের কয়েকদিন পরে রাধামন তার সঙ্গী নিলংধনকে পত্রসহ চম্পকনগরে পাঠিয়ে দিল। সে সেখানে গিয়ে যুবরাজ বিজয়গিরির কাছে পৌঁছে তাঁকে সালাম জানিয়ে তাঁর আদেশের অপেক্ষায় রইল। বিজয়গিরি রাধামনকে সেবছর চৈত্রমাসের পনের তারিখ সেনাবাহিনীর দায়িত্ব গ্রহণের আদেশ দিয়ে নিলংধনকে ফেরত পাঠালেন। রাধামন সে আদেশ পেয়ে

সবাইকে একদিন তার বাড়ীতে ডেকে উপরিস্থদের কাছ থেকে আশীর্বাদ গ্রহণ করলো।

তার সঙ্গী সাথীদের মধ্যে কুঞ্জধন, নিদান্যা, নিলংধন এবং আরো অনেক তার সাথে যুদ্ধে যাবার জন্য প্রস্তুত হলো। দেখতে দেখতে চৈত্র মাস এসে পড়লো। পনের তারিখ হতে আর বেশী দিন বাকী নেই। রাধামন গ্রামের ছোটবড় সবাইকে তার বাড়ীতে এক মেজবানে (ভোজে) আমন্ত্রণ জানিয়ে তাদের সবার কাছে বিদায় নিল। সে সবার সম্মুখে তার প্রিয়তমা স্ত্রী ধনপুদিকে তাঁর মায়ের হাতে তুলে দিল। এরপর নানা চলাবাপকে প্রণাম জানিয়ে তার আশীর্বাদ নিয়ে বীরের বেশ ধারণ করলো।

ততদিনে গ্রামে গ্রামে যুদ্ধে যাবার জন্য যুবকদের মধ্যে সাড়া পড়ে গেছে। সারা দেশ মুল্লুক তখন অভিযানের উত্তেজনায় যেন তালমাতাল হয়ে পড়েচে। গ্রামকে গ্রাম থেকে দলে দলে যুবকেরা ঐ অভিযানে অংশ নিতে চলেছে। তাই সারা দেশময় চৈত্রের চৌদ্দ তারিখ 'বিঝু' উৎসবের শুরু হলো। পরদিন পনেরই চৈত্র। রাধামন বীর বেশে তার সঙ্গী সাথীদের নিয়ে প্রিয়তমা স্ত্রী ধনপুদি, পিতামাতা, আত্মীয় স্বজন, ধনপাদা গ্রাম, ফুগংতলী– দ্য মুরাহ্ পর্বত ফেলে চম্পকনগরের পথে বিজয়গিরির সেনাশিবিরের দিকে রওনা হলো। সে সময় তার প্রিয়তমা স্ত্রী ধনপুদির দু'চোখ থেকে টপ টপ করে অশ্রু মাটিতে ঝরে পড়ছিল। সে তার প্রিয় স্বামীকে কিছু দূর এগিয়ে দিয়ে যত দূর তাদের দেখা যাচ্ছিল তাদের সে যাওয়া তাকিয়ে দেখছিল।

ইতোমধ্যে বিজয়গিরির অভিযানের প্রস্তুতি চূড়ান্ত হয়ে গিয়েছিল। রাধামন সঙ্গী যোদ্ধাদের নিয়ে তাঁকে সালাম জানানোর কিছু দিন পরে তার নতুন দায়িত্ব পেল। তার নেতৃত্বাধীন সেনাবাহিনীতে তার অধঃস্তন সেনানায়ক হিসেবে যথাক্রমে কুঞ্জধন, নিদান্যা, জয়গিরি , জয়মঙ্গল, সুবাত্তু এবং আরো অনেকে দায়িত্ব পেল। অতঃপর অভিযান শুরু করার জন্য বিজয়গিরির আদেশ পাওয়ার সাথে সাথে রাধামন সসৈন্যে দক্ষিণ দিকে রওনা হলো। অস্ত্রে সস্ত্রে সুসজ্জিত হয়ে সাত 'চিম' সৈন্য এগিয়ে চললো। তারা যথাক্রমে ছয়দিন ছয় রাত্রি অগ্রসর হয়ে, বহু পাহাড় পর্বথ, নদ-নদী, গ্রাম-শহর পেরিয়ে শেষ পর্যন্ত সমুদ্রের তীরে গিয়ে উপস্থিত হলো। ইতোমধ্যে চট্টগ্রাম অঞ্চল তাদের অধিকারভুক্ত হয়েছে। তারা এবার আরো দক্ষিণ দিকে অগ্রসর হয়ে খৈগাঙ তীরে উপস্থিত হলো। এ সময় অভিযানের অগ্রগতিতে রাধামনের মনে খুব আনন্দ হলো। তারা খৈগাঙ পার হয়ে অপর তীরে ওঠে মগরাজার সৈন্যদেরকে আক্রমণ করলো। মগরাজার যুদ্ধে পরাজিত হয়ে বশ্যতা স্বীকার করলো। রাধামনের সেনাবাহিনী আরো অগ্রসর হয়ে রোসাঙ্গ আক্রমণ করলো। রোসাঙ্গের রাজা তাঁর এক অমাত্যকে সেনাপতি করে যুদ্ধে

পাঠাণ। যুদ্ধে রোসাঙ্গের বাহিনী পরাজিত হয় এবং তাদের সেনাপতি বন্দী হয়। এতে রোসাঙ্গ রাজ তাদেরকে রাজ্যের কিছু অংশ অংশ হস্তান্তর করে তাদেরর সাথে সন্ধি করেন। এবার রাধামনের বাহিনী জালিপার্গজ্যা নামক স্থানে উপস্থিত হয়। এখান থেকেই তারা অক্সাদেশে (নিম্ন ব্রহ্ম) অভিযান পরিচালনা করে। অক্সাদেশের সৈন্যদের সাথে তাদের প্রচন্ড ডুদ্ধ হয়। যুদ্ধের একপর্যায়ে শত্রুর আঘাতে রাধামন যুদ্ধে মূর্ছাহত হয়। এ সংবাদ দূত মারফত বিজয়গিরি যখন জানতে পারেন তখন তিনি খুব বিচলিত রোধ করেন। রাধামনের অসুস্থতার সময় তার বন্ধু কুঞ্জধন (ত্রিপুরা) সৈন্যদের নেতৃত্ব গ্রহণ করে যুদ্ধ পরিচালনা করতে থাকে। শেষ পর্যন্ত যুদ্ধে তাদেরই জয় হয়। ততদিনে অক্সাদেশ থেকে প্রত্যাবর্তনের জন্য বিজয়গিরির আদেশ আসায় রাধামন স্বদেশের পথে ফিরতে থাকে। পমিধ্যে তারা নতুন অভিযান চালিয়ে কাঞ্চনদেশ জয় করে নেয় এবং পার্শ্ববর্তী পূর্বাঞ্চলগুলিতেও অভিযান চালাতে থাকে। পূর্বদিকে কুকিরাজ্য কালজ্ঞর অবস্থিত ছিল। কালজ্ঞরের রাজা পাহাড়ের উপর পাথরের কিল্লা তৈরি করে যুদ্ধ করতে লাগলো। রাধামনের নেতৃত্বে সৈন্যরা পনের দিন কালজ্ঞদুর্গ অবরোধের পর সেখানে প্রবেশ করতে সক্ষম হয়। তারপর তারা কুকিরাজ্যও জয় করে নেয়।

ইতোমধ্যে রাধামনের সেনাবাহিনী সাপ্রেকূল নামক এলাকা তাদের অধিকারভুক্ত করে সেখানে তাদের শাসন প্রতিষ্ঠা করছিল। এ সব করতে করতে বারটি বছর কখন যে পেরিয়ে গেল তা যেন তারা টেরও পেল না। এবার স্বদেশে ফিরে স্ত্রী পুত্র, আত্মীয় স্বজন এবং বন্ধুবান্ধবদের মুখ দেখার জন্য রাধামনের মন চঞ্চল হয়ে ওঠেছিল। শেষ পর্যন্ত বিজয়গিরির কাছ থেকে আদেশ পেয়ে নতুন রাজ্য সম্পর্কে বিস্তারিত বিবরণ জানানোর জন্য রাধামন স্বসৈন্যে স্বদেশে রওনা হলো। পথিমধ্যে যুবরাজ বিজয়গিরি নতুন রাজ্য পরিদর্শনে আসছেন শুনে রাধামন তাকে স্বসৈন্যে সালাম ও অভিবাদন জানিয়ে পুনরায় তাঁর সঙ্গে নতুন বিজিত রাজ্য পরিদর্শনে যায়। ঐ সব রাজ্যে তখন পন্ডিত, গুণী এবং সভ্য লোকের অভাব দেখে বিজয়গিরি চম্পকনগরে পুনরায় প্রত্যাবর্তন করার মনস্থির করলেন। এবার স্বদেশে ফেরার পালা। তারা স্বদেশে ফিরার পথে চট্টগ্রাম অঞ্চলে পৌছে প্রথম সংবাদ পেল– চম্পকনগরে তাদের অনুপস্থিতির সময় বুড়ো রাজা পরলোক গমন করেছেন। সেই অবস্থায় বিজয়গিরির কনিষ্ঠ ভ্রাতা সমরগিরি চম্পকনগরের সিংহাসনে বসে নতুন রাজা হয়েছেন। এ সংবাদে বিজয়গিরি খুব বিমর্ষ হলেন। এখন স্বদেশে গেলে ছোট ভাইকে তার সালাম জানাতে হবে– যা খুবই লজ্জা এবং অসম্মানের ব্যাপার হবে। তার চেয়ে সসম্মানে নতুন বিজিত রাজ্য সাপ্রেকূলে রাজত্ব করার জন্য তিনি মনস্থির করলেন। তার অনুগত সৈন্যদের নিয়ে সাপ্রেকূলে রাজত্ব করার জন্য চলে গেলেন এবং তাদেরকে স্থানীয় রমণী বিয়ে করার অনুমতি দিলেন। তিনি নিজেও একজন উচ্চবংশীয় 'আরি' রমণী বিয়ে করলেন। রাধামন

বিজয়গিরির সাপ্রেকূলে রওনা হওয়ার আগে তার স্বদেশ প্রত্যাবর্তনের অনুমতি গ্রহণ করে। স্বদেশে ফিরার জন্য তার মন ব্যাকুল হয়ে উঠেছিল। তাই বার বছর পরে রাধামন সবান্ধবে সম্মানের সাথে ধনপাদায় ফিরে গেলেন। সেখানে তার প্রিয়তমা স্ত্রী ধনপুদি তার পুত্র সারাধনকে নিয়ে তাকে সাদরে বরণ করে ধনপুদির সাথে আরো একবার চুঙুলাং পূজানুষ্ঠান সুসম্পন্ন করে স্ত্রীপুত্র নিয়ে সুখে দাম্পত্য জীবন যাপন করতে লাগলেন। এরপর সুখে শান্তিতে তাদের জীবন অতিবাহিত হলো।

রাধমন-ধনপুদি ব্যালাডে চাকমাদের সমাজ এবং সংস্কৃতি বিষয়ক কিছু উপাদান

সুসময় চাকমা

চাকমা লোক সাহিত্যের মধ্যে 'রাধামন-ধনপুদি' গীতিকাটি সবচেয়ে জনপ্রিয় একটি প্রাচীন গীতিকা। চাকমা সমাজ ও সংস্কৃতির স্মারকরূপে চিহ্নিত এই গীতিকাটি স্মরণাতীত কাল থেকে সাহিত্য ক্ষেত্রে অতুলনীয় অবদান রেখে চলেছে। চাকমা চারণকবি 'গেংগুলি'-দের মাধ্যমে বংশ পরম্পরায় পরিবেশিত হওয়ার ফলে এই ব্যালাড চাকমা সমাজ ও সংস্কৃতির বিনির্মাণেও এ যাবৎ কাল পর্যন্ত বিশেষ ভূমিকা পালন করে আসছে। অবশ্য এই জনপ্রিয় গীতিকাটির উৎস এখনও খুঁজে পাওয়া যায়নি। তবে এটি যে সম্পূর্ণ কল্পনা প্রসূত গীতিকা নয় এবং এরও যে একটি ঐতিহাসিক ভিত্তি রয়েছে তা সহজে অনুমান করা যায়। কাহিনীকার বা গীতিকার কে বা কারা' আর রচনাকালের প্রাচীনত্ব নিয়ে বিভিন্ন সময় বিভিন্ন জনের মধ্যে মতভেদ লক্ষ্যনীয়। তাই হয়তো চারণকবিরা কথনও এই গীতিকার উদ্ভব কাল ব্যালাডে উল্লেখ করেননি। গেংগুলিদের অপূর্ব ছন্দ এবং বিপুল শব্দ সম্ভার ব্যবহারে মনে হয় এ'টি কালজয়ী কোন এক বা একাধিক কবির প্রতিভারই স্বাক্ষর চরিত্র সৃষ্টিতে যিনি বা যাঁরা ছিলেন এক বা একাধিক স্বার্থক কবি। চাকমা রাজ দরবার এক সময় রাজ গেংগুলিদের খুব কদর ছিল এবং সমাজে স্মরণীয় ব্যক্তি রাজানুগ্রহে এ জাতীয় গীতিকা রচনা কাজে তাঁদেরকে পথিকৃৎ বলা হয়।

উল্লেখ্য যে, চাকমা সমাজ ব্যবস্থা পিতৃতান্ত্রিক। চাকমাদের রাজাই সমাজে প্রধান। প্রাচীনকালে কোন এক সময় রাজাদের অধীনে খীসা পদবীধারী ব্যক্তিরা রাজার পক্ষে স্ব স্ব গ্রামের সমাজ ব্যবস্থার মূল ধারক ও বাহক হিসাবে কাজ করেছেন। রাধামন-ধনপুদির ব্যালাডে রাধামন ও ধনপুদির প্রেম, বিরহ এবং মিলনের বেদনা-বিধুর কাহিনী পাওয়া যায়। তাতে চাকমাদের প্রাচীন সামাজিক প্রথা এবং সাংস্কৃতিক ঐতিহ্যের উৎস খুঁজে পাওয়া যায়। এবার কাহিনীর কিছু অংশের বর্ণনা করা যাক। রাধামনের সাথে ধনপুদির প্রেম-ভালবাসা থাকার পরও ধনপুদির মা-বাবা তাদের একমাত্র কন্যার ভালবাসাকে উপেক্ষা করে প্রতিবেশী গ্রামের এক ধনার্য ব্যক্তির ছেলে আদিচরণের সাথে বিয়ে দিতে রাজী হয়। এখানে চাকমাদের অতীতের সমাজ ব্যবস্থায় বিয়েতে পাত্র-পাত্রীর নির্বাচনে বাবা-মায়ের সিদ্ধান্তই চূড়ান্ত বলে জানা যায়। পূর্বেই পাত্র-পাত্রী কেউই বাবা-মায়ের অমতে

বিবাহ-বন্ধনে আবদ্ধ হতে পারতো না। যদি তেমন অবস্থার উদ্ভব হতো তাহলে সামাজিকভাবে বিয়ে অবৈধ বলে গণ্য হতো। অবৈধ বিয়ে হলে সামাজিক দণ্ডে উভয়কে দণ্ডিত করা হয় এবং পাত্র-পাত্রী উভয়কে বিচ্ছিন্ন করে রাখা হয়। চাকমাদের সমাজে আনুষ্ঠানিক ভাবে নির্ধারিত সময়ের মধ্যে পর পর তিনবার পাত্রের জন্য পাত্রীর অভিবাবকের কাছে গিয়ে কাথাবার্তা ঠিক রাখতে হয়। রাধামন-ধনপুদির ব্যালাডে দেখা যায়, আদিচরণের জন্য ধনপুদির বাবা-মার কাছে পর পর তিনবার আনুষ্ঠানিক ভাবে বিয়ের প্রস্তাবাদি দেওয়া হয়েছে। এতে ধনপুদির মতকে প্রাধান্য দেয়া হয়নি। উল্লেখ্য যে, পিতৃতান্ত্রিক সমাজ ব্যবস্থার কারণে চাকমাদের বিয়ে অনুষ্ঠান সচরাচর বরের বাড়ীতে সম্পন্ন হয়। বিয়ের পূর্বে সামাজিক অনুষ্ঠানাদি যেমন- পাত্র পক্ষের পাত্রী পছন্দ করা, বিয়ের দিন ধার্য করা প্রভৃতি কাজ সম্পন্ন করার পর বিয়ের মূল পর্ব শুরু করা হয়। বিয়ের সময় বরের বাড়ীতে কনেকে 'চুঙুলাং' পূজার জলপূর্ণ কলসী নিয়ে নদীর ঘাট থেকে পানি আনতে হয়। ঐ বিয়েতে ধনপুদির অমত থাকা সত্ত্বেও ধনপুদির সাথে আদিচরণের বিয়ে হচ্ছিল। ধনপুদির সাথে রাধামনের দীর্ঘদিনের মন দেয়া-নেয়ার কারণের ধনপুদি কিছুতেই রাধামনকে ভুলতে পারেনি। ফলে সে চূড়ান্ত সিদ্ধান্ত নিয়ে চুঙুলাঙের জন্য পানি আনতে কলসী নিয়ে নদীর ঘাটে গিয়ে তা জলপূর্ণ করে 'চুঙুলাং' এর জলপূর্ণ কলসী নিয়ে গঙা-মা'র উদ্দেশ্যে প্রার্থনা করে বলে 'আমার ভালবাসা যদি সত্যি হয় তাহলে রাধামনের সাথে যেন আমার মিলন হয়' সে মুহূর্তে দেখে সে ঘাটে আশে-পাশে কেউ নেই। তাই সুযোগ বুঝে ধনপুদি ঐ জলপূর্ণ কলসী নিয়ে রাধামনদের বাড়ীর দিকে রওনা হয়। তখন জলপূর্ণ কলসী নিয়ে রাধামনের বাবা জয়মঙ্গলের বাড়ীতে গিয়ে উঠে আর জয়মঙ্গলের কাছে আশ্রয় প্রার্থনা করে। জয়মঙ্গল সাদরে পুত্রবধু হিসেবে ধনপুদিকে গ্রহণ করে এবং পাড়া-পড়শীদের জানায় তার বাড়ীতে লক্ষ্মী এসেছে। ধনপুদিকে পুত্রবধু হিসেবে পেয়ে রাধামনের বাবা জয়মঙ্গল খুশিতে আত্মহারা। কিন্তু বিধিবাম, আদিচরণের বাবা পাড়া-পড়শীদের কাছে নালীশ করে এবং এই বিষয়ে সালিশও হয়। তাদের গ্রামে মুরুব্বী চলাবাপ বয়োজ্যেষ্ঠ বিধায় সালিশ পরিচালনা করে এবং জয়মঙ্গলের পক্ষে রায় দেন। রায়ে আদিচরণের বাবাকে জয়মঙ্গলের ক্ষতিপূরণ পুষিয়ে দিয়ে রাধামনের সাথে ধনপুদির বিবাহ সম্পাদন করতে বলেন এবং সেভাবেই তাদের বিয়ের অনুষ্ঠান সম্পাদিত হয়েছিল। উপরোক্ত বিবাহ প্রথা চাকমা সমাজে এখনও বিদ্যমান রয়েছে এবং সেই থেকে বিয়ের চূড়ান্ত পর্বে ববের বাড়ীতে কনের 'চুঙুলাং' পূজার জন্য কলসী নিয়ে নদীর ঘাট থেকে পানি আনার জন্য যায়। তখন কনের সাথে অবশ্যই ৪/৫ জন সঙ্গী দেওয়া হয়। যাতে কনে পথ ভুলে হারিয়ে না যায় বা অন্য ঘরে যেতে না পারে।

অতীতে চাকমা সমাজ ব্যবস্থা বিনির্মাণে জুম চাষ মুখ্য ভূমিকা পালন করেছিল। জুম নির্ভর চাকমা সমাজে নিত্য প্রয়োজনীয় উপকরণাদি জুম, বন এবং পাহাড় থেকে সংগৃহীত হয়। সঙ্গত কারণে চাকমা সমাজ ও সংস্কৃতিতে এর প্রভাব বিদ্যমান। চাকমারা ফল-মূল, ফসল ইত্যাদি বহনের জন্য কাল্লোঙ, পুল্যেং ইত্যাদি ঝুড়িগুলি বেত দিয়ে ব্যবহার করে। এ'গুলো দৈনন্দিন কাজে যেমন- হাট-বাজার থেকে শুরু করে জুমে বিভিন্ন দ্রব্যাদি বহনের কাজে এমনকি গ্রামাঞ্চলে বিয়ে অনুষ্ঠানাদিতেও প্রয়োজনীয় জিনিসপত্র বহন করার জন্য দরকারী বস্তু হিসেবে ব্যবহৃত হয়। তাই রাধামন-ধনপুদি ব্যালাডে দেখা যায় ধনপুদি রাধামনের সাথে জুমে গিয়ে তরকারী সংগ্রহ করে নিয়ে আসার জন্য তাদের প্রিয় নানা চলাবাপকে প্রয়োজনীয় পুল্যেং তৈরী করে দেওয়ার জন্য অনুরোধ করে।

আমি তোন তগা যাদে আজু

এক্কো এক্কো পুল্যেং লাগিব।

ধনপুদির অনুরোধে চলাবাপ দেবতা বিশ্বকর্মাকে স্মরণ করে চক্ষুর নিমিষে 'পুল্যেং' তৈরী করে দেয়। উল্লেখ্য যে, এখনও যুবক-যুবতীদের কাছে 'রেংসা-পুল্যেং' বেশ জনপ্রিয়। এই রেংসা পুল্যেং এবং কাল্লোঙ এর সাহায্যে হরেক রকম জিনিসপত্র বহন করা এবং রাখা সহজ। এই পুল্যেং বাঁশের সরু বেত দিয়ে তৈরী করা হয়। জুমে বা পাহাড়ে বাঁশের সহজ লভ্যতার কারণে পুল্যেং তৈরী করা পূর্বে খুবই সহজ হতো। প্রাত্যাহিক জীবনের বনজ ঔষধপত্র, কাপড়-চোপড়, অলংকারপত্র ইত্যাদি ছোট ছোট 'সাম্মুয়া' নামক ঝুড়িতে রাখা হতো। শুধু তাই নয় জুম থেকে উৎপাদিত তুলা থেকে নানাবিধ পোশাক-পরিচ্ছদ যেমন- মেয়েদের পিনোন-খাদি, পুরুষদের গামছা, খবং ইত্যাদি তৈরীর জন্য প্রয়োজন হতো 'বেইন' বা তাঁতের তাগলক, চুচ্যেক বাঁশ, তারাম ইত্যাদি যা বাঁশ থেকে সংগ্রহ করা হয়। তাই রাধামন জুমে যাওয়ার জন্য ধনপুদি রাধামনকে বেইন বা কোমর তাঁতের জন্য তাগলক, চুচ্যেক বাঁশ, তারাম ইত্যাদি আনতে অনুরোধ করে। রাধামন জুমে কাজ করার সময় ধনপুদির আবদারের কথা মনে রেখে কাজের ফাঁকে ফাঁকে জিনিসিগুলো সংগ্রহ করে দিয়েছিল। চাকমা সমাজে যুবতী মেয়েদের ১৩/১৪ বছরে পা দিলে বেইন বুনা (কোমর তাঁতে কাপড় তৈরী করা) শিখতে হয়। বেইন বুনায় পারদর্শী না হলে সচরাচর কোন যুবতীকে বিয়ের জন্য উপযুক্ত বলে গণ্য করা হতো না। তাই ধনুপদি রাধামনকে বিয়ে করার মানসে নিজেকে বিয়ের উপযুক্ত প্রমাণের জন্য জুম থেকে ঐ সকল জিনিসপত্র সংগ্রহ করতে অনুরোধ করে এবং তরকারী সংগ্রহ করার ছল করে পুল্যেং নিয়ে জুমে গিয়ে তাদের মনের কথা বলতে পারে সে রকম অভিযানে অংশ নিয়েছিল। রাধামন-ধনপুদির গীতিকাব্যে চাকমা জনগোষ্ঠীর জীবন এবং সমাজ ব্যবস্থার প্রতিফলন রয়েছে। জীবনভিজ্ঞতা বিচিত্র

উপলব্ধি প্রতিটি মোহনীয় ছন্দের ভরপুর এই গীতিকাব্য। তাই চাকমা সমাজ সংস্কৃতির বিনির্মাণে রাধামন-ধনপুদি গীতিকাব্যের প্রভাব আজও বিদ্যমান।

সূত্র-

১) সতীশ চন্দ্র ঘোষ, কলিকাতা, ১৯০৯-'চাকমা জাতি'

২) বিরাজ মোহন দেওয়ান, রাঙ্গামাটি, ১৯৬৯-'চাকমা জাতির ইতিবৃত্ত'

৩) সুগত চাকমা ও সুসময় চাকমা সম্পাদিত-'রাধামন-ধনপুদি পালা (১ম খণ্ড)'

৪) চিরজ্যোতি চাকমা সম্পাদিত-'রাধামন-ধনপুদি পালা (২য় খণ্ড)'

সালামি

বাঝি বেইয়া রু রু রু
আগে সালাম দ্যাং মর গুরু।
মা স্বরস্বতী সাক্ষীয়ে
সালাম দ্যাং মা ভক্তিয়ে ॥
মা স্বরস্বতী সালামত
যোগেই দিচ্ছি মা গীদ' পদ।
চানে বেলে সদর ভেই
সালাম দ্যাং মুই ভূমিত থেই।
দেবকূলে ইন্দ্ররাজা
মানেই কূলে চক্রবর্তী রাজা
পেগ' কূলে ভিয়েচ রাজা
এমান' কূলে সিংগ রাজা
পাদাল পুরত নাগ রাজা
মাঝ' মায় ইজা রাজা
বেঙ' মায় হোচ্য রাজা
গাজ কূলে চিবাং রাজা
বাঝ' কূলে এগোচ্যা রাজা
লুদি মায় ঘিলা রাজা
ফুল মায় নাক্‌শ্য রাজা
বেঘর সালাম দ্যঙর মুই
পুরেই দিবাগি মন' আঝা।
দিল গোজেনে দিভা চোক
হাজার সালাম তা-ইধু রোক
বাহ্‌রে দিল দিভা চোক
ভিদিরে দিল মন' চোক
সে চোগোত মা-
বেক সত্যয়ানি দেঘা দ্যক ॥
হাজার গেংগুলী গেই যিয়ন
সাগর রেদোত রোজেইয়ন
সাগর কধা সাজেইয়ন
সাগর রঙে রাঙেইয়োন
বেঘর সালাম মুই দ্যঙর
বেক গেংগুলীত্তুন বর লঙর
আমা জাদে বাজি থোক
উরোনে পিরনে ঘর ভরোক
ধনে জনে শিক্ষা দীক্ষায়
এই সংসারত নাং গরোক
সালাম দেনা থুম হল-
পালা শুনেবার হোচ রল ॥

পথম কধা

মানেইপুরীত স্বর্গ সান
চম্পকনগর রেজ্যগান।
সমুদ্র কূল' পুগেদি
ফুগংতলী তলেদি
এল ধনপাদা আদামান
ছবি সান্যা স্বর্গসান ॥
সেই আদামত দিভোনে
কপুদি মেনকা সপ্পানে
পরী সান্যা দোল এলাক
চানে শিক্কোয় গরনে ॥
ছ-কুরি গিরি আদামত
ঘরন দিভোনে গাভুরত
ফাগুনত যেক্কে রঙ রাঙে
গাভুর কালে মন তানে
ঘর ধোরিলাক দিভোনে ॥
জাদি পুজাত বিরিদ্দি
ভুরে বানি তিরিচ্‌দি
মেনকা লই জয়মঙ্গল
ধোল্যাক দিজনে গিরিত্তি ॥
কপুদি লই নিলগিরি ও
ধোল্যাক দিজনে গিরিত্তি ॥
হল মেনকার পুয়াত্যে মন
বর পাদেলাক দবগন
জোন্মেল ঘরত রাধামন ॥

জন্মেইয়ে দাধা স্বর্গত্তুন
বর মাগিনে দবত্তুন।
দেবর অংশে জোন্মেইয়ে
সেনে সংসারত নাং থোইয়ে ॥
সাবে বান্‌ল্য রন্‌ফুদি
বিদ্যা সুন্দর গম পুদি
কপুদির গর্ভে জোন্মেল
নোনেইয়া ভোন্নুয়া ধনপুদি ॥
লক্ষী অংশে জোন্মেইয়ে
সেনে ধনপুদি নাং হোইয়ে ॥
চেলাক বৈদ্যয় বর নিধিং
চলাবারে কয় মর নাদিন।
গনক্যা আঙুলে গোনি পাব
'ধনপুদি' নাঙ থোই দিল আজু চলাবাব।
বেরাত গুজেই মদ' কাপ
নাগর মাদের চলাবাব।
এধক হোঝে ধন পেইয়া
পালেবং গোরি নোনেইয়া ॥
নাদিন দিভা এত্‌ঝাবর
ধাঙর দাধা এক বঝর।
গলা মরিঝা তান্যেগোই
পার্বুয়া দগা আন্যেগোই।
নাক্‌শা গাঝর রিবাং জু
বুন্যে ধুলোনান কেরেং জু
কেরেং জু ধুলোনর কেরেদ' চাক
হোজে বুনিল চলাবাব ॥
ধুলোন বুনোনা থুম অল
নাদিন দুওবো তুলিল।
বোত্যা দোরি ঘনপাক
অলি দাগি দের চলাবাব।
সনা ধুলোনত রূবোর দোরি
দাদা লোই বেবেই ঘুম যাদন
সমারে পোরি।
অলিরে অলি অলি অলি ॥

'হাদত লোইয়ে বাদোল বাচ
কোচ্যাত লোইয়ে গুলি
আমা দাদা মারি আনিব
বনর পক্‌খী" ॥
ধুল্‌ল বুইয়ারে ধুলনান
হাঝি উধিল জনমান।
মেইয়ায় ছিদিল মেইয়া জালে
মাত্তল অল মহাকাল ॥
দিনর গাঙে দিন উযাদন
গুরা দুনোভুয়া বারদন।
হে্‌দে ফুরেল কাদাবন
চিগন ছরার পাদাবন
মেনকা পুয়াবুয়া রাধামন ॥
সাবে বান্‌ল্য রঙকুধি
বিদ্যাসুন্দর গমপুধি
কপুদি ঝিবুয়া ধনপুদি ॥
চগদায় কামাল্য থুরকোন
মেনকা কপুদি সদর ভোন।
পুগ' সুর্য পঝিমে গেল।
সাগর দিন বিদি গেল।
ফুদিলাক খলাত জেদেনা খৈ
গাভুর সুন্দর হ্‌লাক্‌কোই
শুল সদরত পলাক্‌কোই ॥
সাগর দিন গেলগোই
বিধু ধনপুদি বার বঝরত পলগোই ॥
ঘিলাখারাত তাক চেলাক
চয় সমার্জ্যা লাক পেলাক

সাতজুর সমার্জ্যা

রাধামন দোই ধনপুদি
নিলং ধন দোই নিলংবী
কুঞ্জধন দোই কুঞ্জবী
কামেচ ধন দোই কামেচবী

ফুজুকধন দোই ফুজকবী
মেইয়াধন দোই মেইয়াবী
ছেইয়া ধন দোই ছেয়াবী
জুর বোধিলাক সাত জুরে
সমারে থলাক আজুরে
রঙ্গ রাজা বাবর বাপ
বেঘর আজু চলাবাব ॥

চলাবাবর তেম্মাং

চলাবাবে এক দিন্যা
নাদিন দাগিল সেদিন্যা।
উরের পক্ষী মেঘত্তুল
হলাক নাদিন এগত্তর।
বীজি খেইয়্যা খাজুরে
বেরেই ধোল্যাক আজুরে।
বল মুজুঙে নিলংবী
দেনে বলগি কুঞ্জবী
বাঙে বলগি কামেচবী
পিঝে বোচ্যেগি ফুজকবী
ধাগত বোচ্যেগি মেইয়াবী
করত বোচ্যেগি ছেইয়াবী
কানাত বলগি ধনপুদি ॥
পান লগে সুবারি খান
বিগিদি গর্ত্তন নানাগান ॥
দেগি তারারে ঘরত্তুন
লামি এলাক মরত্তুন।
চম্পা লুদি ফুলর বন
পত্থম এল রাধামন।
তার জেরেদি নিলংধন
হাঝি হুঝী কুঞ্জধন।
কামেচ উড়ি কামেচধন
ফুজুক ফেজাক ফুজুকধন।
গীদে রেঙে মেইয়াধন
বেঘর জেরে ছেইয়াধন ॥
লাম্যে রেদোত জুন' পহ্‌র
চলাবাবর মন পাগল।
পুরানী দুক্‌খ উধিল
সাগর কথা ভাবিল।
দৈয়্য মাধাত ঘি তুল্য
নাদিন ল' গরে কয়া ধূল্য ॥
দগর্তন মোনত মোনবগাঅ
চিগনদা রাধামন-
যেবানি সমারে তোনতগা ॥
ধারেইয়া তাগল্লই গলা কাব্‌।
তোনতগা উঝুলার চলাবাব ॥
রান্যা মাদি তেঙরি
তোনতগা যেবং কেঙরি ॥
'দিল হরিঙে বর ধাবা
যেবানি নাদিন জুম কাবা।
শুনি বেঘর উচ্ছ মন
যেবাক পোত্তি জন ॥
আলমে বুনি ফুল তুলিল
পেরা বচন শুনেল।
পুঝল বৈঝাখ ভাধ
গরে এ- গনিদি
তিন মাঝে পেইয়ে পেরা
শনি বৃহস্পতি।
জেএল আঝিন মাগ'
গরে অনুক্রম।
তিন মাঝে পেইয়ে পেরা
রবি লোই সম ॥
কাত্রিল ফাগুন
আর যে আঝার।
(সে) তিন মাঝে পেইয়া পেরা
বুধে শুক্রবার ॥
আগুন শাওল
আর চৈদর শেচ

মঙ্গল দিবা রেত
বুধোর অদ্দেক ॥
পেরা বচন ফুরেল
যাত্রা বচন কয়া ধোল্য।
রবি শুক্রে পূবে নীদি
বুধে বিষুধে উত্তরে সিদ্দি।
সম শনিয়ে পঝিমে যায়
দঘিন' যাত্রা বুয়ে যায় ॥
দিভা বচন ধুম হল
চলাবাবে কোই দিল
আদ্যা নাদিন রঙ গোল্যাক
জুমবেরা দিন থিক গোল্যাক ॥
পঝিম মুক্যা সোমবারে-
ফুগংতলী-দ্য-মুরাত
যেবাক সাত সঙ্গী ভেই সমারে
চারিত ভিজেই বেত-তারা
গোল্যাক তা কেল্যা যাত্রা ॥
বেলা বেইয়া গত দিলাক
সমারে জুম বেরা লর্ দিলাক।
বেলাত বাজে তাত্তানি
খেই দেই লোইয়ন ভাত পানি
তারুম ছরাত পোর্জ্যোন্দে
ফুগংতলী-দ্য-মুরাত লুম্যন্দে ॥
ধাবে ধাবে বেরাদন
মোন' তুগুনত জিরাদন।
গেল চঙরা তিক্ কারি
ধোল্যাক জুমানি ফাংগোরি ॥
ধানে সুদায় বৃদ্ধি হোক
মনর আঝা সিদ্ধি হোক।
দেবরে সাক্ষী গোরিলাক
যার যার জুমান ধোরিলাক।

রাধামনর সবন কধা

দেব পূজাত দ্যন মিধা
কুবি দিলাক দ্য-চিদা
মাদি ললাক চেবাদ্যায়
সবন কেঝান দেবাদ্যায়।
পবাং লুধি ধনুফুচ
মেন্দরি গাঝর নাধেং কুচ।
ফুনি-শলা মিদিঙ্যা
চেবাক রেদোত সেদিন্যা।
ললাক আর বাঝী-বাচ
মনর আঝা পুরে লাক।
রাঙা খাদি সাদঙেত
বেলান দুবের পোঝিমত
বেল্যা ফিরিলাক আদামত ॥
পিধা সিজেই পোগনে
দেলাক রেদোদ সবনে।
মাধা পাদি বর লন
সবন দেল রাধামন।
রেগোচ ফুলে দ্বি-হাদত
বেরায় বুরি-জুম ছাবত।
চিবাং পাদা আগ চেল
ঘরে ঘরে ভাত খেল।
সবন কধা শুনিবার ধাপ
ভাঙি দিল চলাবাপ।
খুঝির কধা নাদিন শুন
গম হবদে এ বঝর জুম।
গাদত বোচ্যে মন-পবন
বেগে দেখ্যন দোল সবন।

ধনপুদির আল্যাং

বারাহ্ বেঘে বান্যন্দে
বাজার গোরি আন্যন্দে।

পোহ্ত্যা দগর্ল্য মোনবগা
কেল্যা যেবাক জুমকাবা।
তেম্মাং যেক্কে ফুরেল
ধন্নুয়া রাধারে দাগিল।
বর্গি সুদা তুম গোচ্যা,
বোচ্যন ইজরত জুন্ পোর্জ্যা,
পুগ' কেত্যা চানন্দি
মুয়োমুয়ি বোচ্যন্দি
উত্ত্যে চানান পুগেদি
দোল হ্োইয়েদে পহ্রেদি।
জুন' পহ্র' রেদোমায়
কোচ্যা মাদানান ভাঝি যায়।
ফুল' বিজন বিজিনে
কধা কধন দ্বিজনে।
বোচ্যে ধন্নুয়া সাজি পের্
দাদা রাধারে বিজি দের।
দেব' ধর্ম মানিচ্চোই
সুচ্চেক তাগলক লোই দিচ্ছোই
ফুল' গামছার বেইন গরং
সাত আঙুল্যা খেংগরং।
মিদিঙ্যা বাঝর লোই দিবে
ধুমো উজু থোই দিবে।
ফুনি শলা কাবি দিচ
এহ্ল সাম্মুয়া বুনি দিচ।
পার্বুয়া বাঝর দিপ্যাবুয়া
ব-কাদি লোই দিবে শুলবুয়া
রেদোত লামের জুন'পহ্র
শুনিচ দাদু হোচ্ছান মর।
ঝাগে জুনি উরি যার
ফুল'খাদি বুনিবার।
বাগে থেগে গাং যেব
জনমত্যে নাং থেব।
খোল্যা মেলি পান খেল
দাদা রাধামনে খাম খেল।

জুন পহ্রান গঙেই যার
কধা তুয়া ন ফুরার।
নানান কধা কোই ললাক
জেরে দিজনে ঘুম গেলাক।

ধনপুদির ভাত রানানা

রাদায় দাক কার্ল্য লুনত্তুন
উত্ত্যে ধনপুদি ঘুমত্তুন।
দেগং ন দেগং পত্থানি
জুক্কুলার বিধু ভাতপানি ॥
ঘুমত্তুন উধি উচ্ছ মন
(ইজরত বোইনেগোই)
বাঝী বাহ্ ধোল্য রাধামন ॥
তুরু বাঝি তুরু তুরু
ওম্বেত ওম্বেত রু-রু-রু
চাক্ক তুলীত লুজুরুক লু
ভুবাতুলীত লুজুরুক লু
দিনে কালে গোল্য জু
ঝু দ্যং গোজেন ত'ইধু ॥
বাঝী সুরে দাগি যার
কোচ্যা বিধু ছতফদার।
দারু তুলি শিঙোরে
ইন্দি ধনপুদি কি গরে।
নানান চিদা গরদে
সুগারি শুলাবুয়া কাবদে
রিনি চাদে পিঝেদি
ফেল্য তাগলান বিজিদি।
জাম' লগে কাহ্ ধোইয়ে
দেয়ান্যা আঙুললুয়াত ঘা হোইয়ে।
ঘুম' তলই থং বোধি
নিঘাল্যে কানানা ধনপুদি।
এল রাধামন ফাল মারি
ইজর' মাধাত্তুন ঝাম মারি ॥

খন্-নিঝাচ্যা কোচ্যা মন
পুঝার গোর্ল্যা রাধামন।
দারু বাদি পিবয়ে
কি হ্োইয়ে ভোন কি হ্োইয়ে।
কানে ধনপুদি নোনেইয়ে
মোরিম দা ঘা হ্োইয়ে ॥
ঝরের' লোয়ান রাঙায় রঙ
ঘা বানি দিল রাধামন।
কপুদি মাদের গুধিত্তুন
ইক্কে ক্যা ঘা হোল মামাত্তুন ॥
কাম করচ ন জানে
মানা গোর্ল্যে ন শুনে।
ন শুনচ্ছ ম' মানা
ইক্কে ক্যা নিঘেল্যচ কানানা ॥
শুনি সেকধা রাগ উধি
শুনে ন শুনে কয় ধনপুদি।
বগরা মুঈ জালেব
দিন্নুয়া ইচ্যা বোগিব ॥
পোহ্ত্যার কুহ্য়া ঝোরি গেল্
পুগন্দি উধিল রাঙা বেল্ ॥
ওঝে বোঝেই দাদারে
ভাত খাবেল তে তারে।
আদাম্যা পারাল্যা জাগিলাক
সয় সমার্জ্যা লুঙিলাল।
মেঘর তলে পেইক উরে
যেবাক সাত ভেই সমারে ॥
পিজুম ধোরি সাঙুত্তুন
ধন্নুয়া কল হোঝোত্তুন।
নোনেইয়ায় কল দাদারে
আনি দিবে স্যা-
সুচ্চেক তাগলক তুই মরে ॥
কোচ্যা গাভুর উচ্ছ মন
যেবার মাগিল রাধামন।
পিজুম ধোরি চেই রল
ধন্নুয়া তারে বিদায় দিল।

জুমকাবা

দিল চঙরা বর ধাবা
সাতভেই জিয়ন জুম কাবা।
বেলা বেইয়া গত দিলাক
সমারে জুম বেরা লুঙিলাক
তারুম ছরাত সেম্যন্দে
খ্যং তলী দ্যমুরা' লুম্যন্দে।
লেজায় দাবে বেরাদন
মুরা তুগুনত জিরাদন।
ধারনি শালত চাং তুলি
ধোর্ল্যাক জুমানি ফাং গরি ॥
হোইয়া বাচ্ছুয়া সাজাদন
বজুমতিরে জাগাদন।
ধার তাগলে বন ফুরা
গরিদে বজুমতি মন পুরা।
ধানে সুদায় বিরিদ্ধ হোক
মনর আঝা সিদ্ধি হোক
দেবরে সাক্কি গরিলাক
যার যার জুমানি ধরিলাক ॥
ধেল চঙরা বাচ বনে
জুর বোধিলাক সাতজনে।
ধারনি শালত গর বিঝেই
সুল বালা পোল জন বিঝেই।
মোন' তুগুনত ছাবা পল
জনর চেইর আরি ধান' জুম কাবা অল ॥

পেক্কুয়া দগরের চিং চিং চিং

আর বানা ইক্কুয়া দিন।
দোর্জ্যাত উধে তরঙ্গ

ভাবনা হল আরম্ভ।
সাগর' মুখ্যা গাঙ ছরা
মেইয়া লামের বুক ভরা
কামত খেমা দিচেলাক
ভোনুন ঈদত তুলিলাক।
ছরাছরি ইজনে দুলুবাঝ' বিজনে
কামত ন গেলাক কিওজনে।
মানেক বেগেনা ছাগিলাক
সারা দ্যা জিনিচ লোই দিলাক।
ফুনি শলা বোইরাম গাচ
তাগলক ব-কাদি সুচ্যেক বাচ।
জুমান কাবি সং গরং
নিল' সাম্মুয়া খেংগরং।
নাধেং কাবি ফিরাদন
বেল্যা দিভোরত জিরাদন।
উধে তরঙ্গ দোর্জ্যেত্তুন
ভাবনা উধের মনত্তুন।
আহ্‌রিকুরি ঝার' পেইক
চিত্ ন জুরার কনকেইত।
হাত্যা রাদায় দিল দাক
পোহ্‌ত্যা ঘুমত্তুন উধিলাক।
ইজা-খলা ত্যন তাবা
খেই দেই ধোল্যাক জুমকাবা
মোন' তুগুনত ছাবা পোল
গধা দিন্নুয়া কি হল।
ঝার্বুয়া কূরা পলাক ভং
বেঘ' জূমানি গত্তে সং ॥

পোত্তি জনে কুম করত
তেম্মাং গর্ত্তন কুয়া-গাঙত ॥
বার্গী পালে মেঘত উর্ত্তন
হবর ন ফাং ভোন-
দাদাদাগি জুমত কি গর্ত্তন
পোহ্‌ত্যা দোগোর্ল্যে মোনবগা
যেবং ছল্ ধোরি তোনতগা ॥
তেম্মাং যেক্কে ফুরাদন
তারা কিওই ন জানন।
বোত্যা দোরি ঘনপাক
গাঙত এচ্যে চলাবাব।
মিলায় যদন নাগর মাদি
থোইয়ে চলাবাব কানপাদি।
কেইয়ান পানিত বুরেইনে
কানান বাহ্‌রে নিঘিলেইনে
বেক কধানি শুনিল
মু চিমেইনে হাঝিল ॥
ঘুদ্দি রাজা রঙ্গ বাপ
হাঝিল সাগর চলাবব।
কেল্যা বিন্যা অলে পহ্‌র
হ্‌বাক মিলায় এগত্তর
মোন' ঘরত লর দিবার
সেক্কে গোরিবাক জয় জগার
আগে আগে মুই যেইম
আধা পধত চোগি থেইম
মরা সান্যা পোরি থেইম
ছল্ দোরিনে দর লাগেম ॥

কুয়া-গাঙত মিলাউন তেম্মাং

দারু বাধি ঘিলাগুন
উন্দি আদামর মিলাগুন।
খাদি পিন্যা মরঙপোত্যা
হোইয়ন বেক্কুন ছতফত্যা।

মিলাগুনর দ্য-মুরাত যানা

পোহ্‌ত্যা বেলে পহ্‌র ছার্ল্য
তাম্মারে ধনপুদি কয়া ধোর্ল্য।
ভারী হোইয়ে তোন' রাত্
কয়দিন খেবং বানা ভাত।

জুম্ম ভাদ' মু ঘনাত্যা
পেইয়ং তোনপাত তগা সমার্জ্যা।
মোনমুরামায় ঘুরি চেইম
তারা সমারে মুই-অ যেইম
উত্ত-মাজা কা তুলি
কপুদি কল যা ভিলি।
সয় সমার্জ্যা লুঙিলাক
ভাত পানি খেই জুগার্ল্যাক ॥
দেগি সিগুনর নুদী সাজ
আদা দিল চলাবাব।
শিবাং পাদা আগ চেল
ছরা দোঝোরত বাচ্যেল।
খর লগে খেইনে নুন
লুঙিবার কাজেলাক মিলাগুন
ছরা দঝরত পাদেই কল্
ধোল্যে চলাবাব মরা ছল্।
দেগি মিলায় ছত ফত্যা
দেগিনে আজুরে চোকখাত্যা।
চোগে চোগে থার্ দিলাক
হাদে থেঙে ধোরিলাক।
খাবা ধোল্যাক জুর-ব
বানেলাক তারে গুরা পুঅ।
চেল কুদুক্কুয়া গাদত্তুন ॥
খেরর কাদা লাজুরি
গেল ধাক্কান আজুরি।
গুচ্ছ গেল খুয়েইনে
ধুদিয়ান গেল উরিনে।
হাঝি উধিলাক নাদিন লক
কলাক বেঘে জক্রে জ্ক।
দাগি কলাক আজুরে
কেঝান লাগের নাদিনরে।
হ্াঝি মিলালক উযেলাক
ঘরত ফিরি গেল চলাবাব।
পীরায় খেইয়া হোল নরম
কাঙেলত দিলগোই ধান গরম ॥
দারু বাদি ঘিলাগুন
মোনত লুম্যন্দে মিলাগুন।
সুবারী কাবি পানে খান
পঝা লার্ত্তন নানা সান।
ধোর্ল্যে কুগুরে কুদুক্কুয়া
ধনপুদি বার্ ধুধুককুয়া
উন্দি গাভুরলক জিরাদন
জুমানি কাবা ফুরাদন।
কামর তাগলান থামেলাক
ধুধুগ' তালুন শুনিলাক।
হ্াদর তাগল থয়া ধোর্ল্যাক।
সুরে যাদন পিবিরা
ঝারত বেরাদন তিবিরা।
মোনঘরত উভা থক
ইন্দি গাভুর মিলালক।
রোগোনি পাদা খজাদিক
কাবরত ফেলাদন পানবিত।
দিলাক লারি আগুনান
উগুধা গোর্ল্যাক সাঙুয়ান।
লারি দিলাক বেত্তারা
পঝা গোর্ল্যাক সেত্তেরা।
ইরানি কয়দে বয়চ ধরম
মনজক্ক বাদন খেংগরং ॥
ঘরত ফিরা ধোরিলাক
ধেং গরানা ফুরেলাক
মোনত উধিব খেলাক
কোনো ত্যনপাত ন পেলাক।
গুলা পারি চামোনি
এযা ধোল্যাক লামোনি ॥
পাদাত্তারা লন্দে বোদি
দেল কলাত্তুর ধনপুদি
মুরা উবুরে উধিলাক
কলাত্তুর পারা ধোরিলাক

পাত্তে ধনপুদি কলাথ্‌তুর
উথ্যে তুগুনত ভালকদুর।
লুদি ছিনি বন চলায়
কামার্ল্যি দুত্তুয়াত রামকলায়।
কীজাক কীজাক লাম্যেগোই
মুরাত্তলে পোর্জ্যোগোই
বেরান সত্তা ঝারত্তল
হ্লাক মিলাগুন এগত্তর ॥
সাগর দারু দি চেলাক
সাগর মন্দ ঝারিলাক
বেলান পোঝিম পোরিল
পীরা তুয়া ন কোমিল।
ছরাছরি তেক্কুনে
ফিল্যাক আদামত বেক্কুনে ॥
ফলর জন্ম গুগুত্যা
হ্োইয়ে ধনপুদি ছতফত্যা ॥
সাবে বানল্যা রনপুদি
বিদ্যা সুন্দর গমপুদি।
ধাবা এল কপুদি।
নোনেইয়া ইক্কুয়া ঝি হোইয়ে
কি হোইয়ে মা কি হোইয়ে
ঘুমর তলোই থং বোদি
কানি কল ধনপুদি
ন চিনং কামার্জ্যে কিপুগে
মোরিম মা মুই সে দুগে।
দারু বাদের লোই ককপুদি
কানা ধোরিল ধনপুদি।

মরত্তুনর ঘরত ফিরানা

ঝার্বুয়া কুরা পালক ভং
জুমানি কাবা গোল্যাক সং।
গাধি গুধি উত্ত্যন্দি
সাত ভেই বাজেইত লুঙ্যন্দি
দেঘি পঝা সেত্তারা
হ্লাক আম্মক বেক তারা
কন্না মারি দ্যে আগুনান
উবুধা গোর্জ্যন সাঙুয়ান।
রোগোনি পাদা খাজা দিক
বিচ্ছন জগা পান’ বিত।
ধুমাত ন দেই খেংগরং
বুঝি পাল্যাক কার-করম ॥
কলাক দাগি সমাজ্যা ভেই
এক্কা শালে ঘরত যেই।
পেলে লাঘত মিলাউন
ধালি দিবং পানি-কুম।
কাপ্যা গাচ্ছুয়া রোগোনি
তানি দিবং চুলানি।
সেক্কে মিলাউন ফাল্যেবাক
আমি কেঝান বুঝিবাক।
পঝাবিরা বুগিলাক
আদাম’ কেত্যা লর দিলাক ॥
বেলান দুবের পোঝিমত
বেল্যা লূঙিলাক আদামমত
চিগোন ছরা পাদাবন
খবর শুন্যেগি রাধামন।
ধনপুদি কুরে বোচ্যেগোই
বিঝর দারু বাত্যেগোই।
দারু বাদি মাজিদের
বাঙ দুত্তুয়া ঝারি দের
পীরায় দারুয়ে লং পল
ফুনে মন্দরে গম হ্ল।
বার বঝর’ ধনপুদি
ন বানে এ-য ফুলখাদি।
লামালাম্যা এক বঝর রাধামনে সেবঝর
নয়দে গুরা নয় গাভুর্জ্যা
হোইয়ে দাদা হারকুচ্যা ॥

মেনকা কপুদির গপ্ মারানা

গাচ উধিলাক পাগোর্জ্যা
কুর্বা গোরি গুগুত্যা
জেদেই মেনকা-
একদিন্যা বেরা যিয়ে
কপুদি-ঘরত দিবুজ্যা ॥
কবা বিনি ফুত্তেগোই
বেবেই মেনকা সেদিন্যা
তা-গুরা ভোন্নুয়া
কপুদি-ঘরত
পুনান পাগেই বোচ্যেগোই ॥
সিবিদি বাঝেই পানানত
দোলেই বোচ্যোগোই
কপুদি ঘরর চানানত ॥
কুজি কুজি উলানি
পাগা ধোজ্যে
পাল্লা পোল্লি গোরি
কিজু কিজু চুলানি ॥
খাচ্যা পাদা মগরা
মুল পাদা মগরা
মুলি ভাঙি জগরা
দাত্তুন ভাঙি-
ব যেইয়া গোরি কধা কয়
কপুদি মুজি বগরা ॥
ছরাছরি ঈজনে দুলুবাঝ' বিজনে
গায় গায় কধা নিঘেল্যান দ্বিজনে।
বোচ্যন যিয়ত চানাগান
কধা কধন নানাগান।
উত্ত্যে গাচ্ছুয়া পাগোচ্যা
কধা কধন নাগোজ্যো।
অধা বা-রা ন ফুরায়
নালি গজ্জং ব ধুলায়
তারা দ্বিজনর নাগোজ্যা
কধায় ন ফুরায় ॥
সিবং চাজি গব' হার
মেনকা কত্তে ও গুয়াভোন
দিন দিন পুরানি ভালেতদিন
আমার বিধি যার ॥
মু-বা ভাঙি মধু খার
ভাবি চা ভোন-
দিন দিন আমা বয়চ কুধু যার ॥
পানি খেইয়া পহ্নত্তুন
ধেল চঙরা ছারত্তুন
পুরানি কধা তুল্যন তারা
নানাগান মনত্তুন
বিদ্যা সুন্দর গমপুদি
পুঝায় গরেত্তে কপুদি।
কুগুর লোইনেঝর বেরেই
এক্কান কধা গুন বেবেই।
ভাযি খেইয়া কোপিদা
যোদি হ্‌দ সুবিধা
দিনে রেদে ত' চিদা
মুইয় গরং ত' চিদা
তুইয় গরচ ম' চিদা ॥
তেঙা ভাঙি পোয়ঝা লং
এক্কান কধা তরে কং।
থেঙা মাধাত রাঙি ক
এক্কান কধা মরে ক
মা দিনত মা গাভুর
বাব দিনত বাব গাভুর
যাত্তা দিনত তে তে গাভুর।
কবুয়া দগর্ল্যা ঝুবুরত
হ্‌দন্দি ঝি-পুয়াউন' গাভুর।
ভেরত তাঙেই তেল্ বদল
ছরাছরি হোল দলঝর
পাদা কাবি দ্বি গজর
ত' পুয়াবুয়া অল কয় বঝর

ম' ঝিবুয়া অল কয় বঝর ॥
পানি খেইয়া পহ্নত্তুন
এক্কা পূরানি কধা
ঈদত তূলি চা বেই মনত্তুন ॥
খেলাক বান্দরে থূরকোন
সালে শুনি থাক গুরাভোন।
ভেরত তাঙেই তেলবদল
ছরাছরি হ্োল দঝর
আক্কুরি কৃগি লোই-
খেলংগে জুমানি যে বঝর।
বর' মাধাত সুধা তুম
যেক্কে কুগিলোই খেলংগে
এক্কান চাবত মোন' জুম।
শিল্ল ছরা চাদারা
সে বঝর মামা ধনপুদি
হ্োইয়ে গুরাভোন হ্াধারা ॥
ভুরা দার্বুয়া চিরি গেল্
তিন্ন বঝর বিদি গেল্
হ্েদে ফুরেল কাদাবন
চিগোন ছরা পাদাবন
সুষারি কিনি আদাপন
সে বঝর-
চের্বুয়া বঝর অলগি রাধামন ॥
বাঝিল পেক্কুয়া পেইক্-ঝাবত
অরা দ্বি ভেই ভোন
হ্োইয়নদে...
ইক্কুয়া বঝর এঝ্ জাবর
চিল লগে শিগিরায়
মোন' উত্তর ধাক্ ...
যে বঝর ধর্ল্যাক তিবিরাং
পেক্কুয়া বাঝিল পেইক্-ঝাবত
উত্তর ধাক্যা
আমি জুম খেলং যে বঝর
... এক চাবত্।

নালি গোচ্যা কুরেল
সে বঝর মামা ধনপুদির
ছ্-বুয়া বঝর পরেল ॥
ছরা আগারে দঝর পোল
সে বঝর মামা ধনপুদির
এক পোল্যা পিনোনান...
দ-র হ্োল।
দরি ছিনি কাল্লোং পোল্
